কাজকেরিয়ারের খবর দ্রুত পেতে 9051147904 নম্বরে 'Hi' দিয়ে Whatsapp গ্রুপে Add হন।

লেটেস্ট আপডেট পেতে আমাদের ফেসবুক পেজ লাইক ও ফলো করুন
www.fb.com/kaajcareer

পেশা ও কর্মজগতের নতুন দিগন্ত

# কাজকেরিয়ার

KAAJ CAREER

Weekly Employment Newspaper

সর্বভারতীয় চাকরির খবরের লেটেস্ট আপডেট পেতে ও ই-পেপার ডাউনলোড করতে Join করুন
Kaajcareer Telegram Channel

Subscribe Youtube
https://youtube.com/@kaajcareer1916

Visit https://kaajcareer.in

Vol - 20 • Issue No. 12 • 25 March, 2026, Wednesday | RNI No. WBBEN/2006/18125 | Bengali: 10 Chaitra, 1432 • Price Rs. 5.00/-

মেকানিক্যাল, সিভিল, ইলেক্ট্রিক্যাল, অফিস অ্যাসিস্ট্যান্ট সহ বিভিন্ন ডিসিপ্লিনে

## ১,৭০০ ট্রেনি অ্যাপ্রেন্টিস সাউথ-ইস্টার্ন কোলফিল্ডসে

### ১,৬০০ গ্র্যাজুয়েট ও টেকনিশিয়ান

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** বিভিন্ন শাখায় ট্রেনিংয়ের জন্য ১৬০০ আসনে গ্র্যাজুয়েট এবং টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস নিচ্ছে কোল ইন্ডিয়া লিমিটেডের সহযোগী প্রতিষ্ঠান সাউথ ইস্টার্ন কোলফিল্ডস লিমিটেডে (এসইসিএল)। ২০২৬-২৭ আর্থিকবর্ষে, (বিভিন্ন সময়ে সংশোধিত) অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ -র অধীনে ট্রেনিং হবে ছত্তিশগড় এবং মধ্যপ্রদেশের বিভিন্ন উন্মুক্ত এবং ভূগর্ভস্থ খনি ও প্রতিষ্ঠান গুলিতে।

......... *এরপর ২ পাতায়*

### ১০০ ফ্রেশার

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ প্রোমোশন স্কিমের অধীনে বিভিন্ন অপশনাল ট্রেডে ট্রেনিংয়ের জন্য ১০০ আসনে ফ্রেশার অ্যাপ্রেন্টিস নিচ্ছে কোল

......... *এরপর ৩ পাতায়*

মহানদী কোলফিল্ডস লিমিটেডে গ্রুপ-বি, গ্রুপ-সি পদে

## ৬৭৭ মাইনিং সর্দার, ট্রান্সলেটর, ওভারম্যান

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** জুনিয়র ওভারম্যান, মাইনিং সর্দার, ট্রান্সলেটর সহ বিভিন্ন পদে ৬৭৭ জনকে নিচ্ছে মহানদী কোলফিল্ডস লিমিটেডে। এটি ভারত সরকারের কোল ইন্ডিয়া লিমিটেডের একটি ভর্তুকিপ্রাপ্ত সংস্থা। নিয়োগ হবে গ্রুপ-বি, গ্রুপ-সি এবং গ্রেড-৩ পদে।

জুনিয়র ওভারম্যান: মোট শূন্যপদ ১৯২টি (অসং ৭৭, তঃজাঃ ২৯, তঃউঃজাঃ ৪৯, ওবিসি ২২, আর্থিকভাবে দুর্বল ১৮)। মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমাধারীরা অথবা মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি পাশরা সঙ্গে ওপেন কাস্ট অ্যান্ড আন্ডার গ্রাউন্ড মাইনসের বৈধ ওভারম্যান কম্পিটেন্সি (আন-রেস্টিকটেড)

......... *এরপর ২ পাতায়*

টেলিকম স্ট্রিমের অধীনে সরাসরি ট্রেনিং দিয়ে

## ১২০ এক্সিকিউটিভ ট্রেনি ভারত সঞ্চার নিগমে

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** সিনিয়র এক্সিকিউটিভ ট্রেনি (ডিআর) পদে ১২০ জনকে নিচ্ছে ভারত সঞ্চার নিগম লিমিটেডে (বিএসএনএল)। সরাসরি নিয়োগ (ডিআর) হবে টেলিকম স্ট্রিমে এবং ফিনান্স স্ট্রিমে। নীচের মতো যোগ্যতার ভারতীয়রা আবেদন করতে পারেন। কাজ করতে হবে বা নিয়োগ হবে দেশের যে কোনও অংশে। পরীক্ষা ও ৫২ সপ্তাহের (১ বছর) ট্রেনিং সহ একযোগে প্রথমে ২ বছরের প্রবেশন। ট্রেনিং হবে ১) ১৩ সপ্তাহের কমন ম্যানেজারিয়াল ট্রেনিং, ২) ফাংশনাল স্ট্রিমে ট্রেনিং সম্পর্কিত ১৩ সপ্তাহের ট্রেনিং এবং ২৬ সপ্তাহের অন জব ট্রেনিং। কোনও পরিস্থিতিতেই প্রার্থীপদ প্রত্যাহার করা যাবে না। উল্লেখ্য, এই নিয়োগের বিস্তারিত

......... *এরপর ৩ পাতায়*

ল্যাবরেটরি, ফিজিওথেরাপি সহ বিভিন্ন ডিসিপ্লিনে

## ৭৬ হেড কনস্টেবল নিচ্ছে সশস্ত্র সীমাবলে

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** হেড কনস্টেবল পদে ৭৬ জনকে নিচ্ছে সশস্ত্র সীমাবলে। এটি ভারতীয় প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ হবে ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট, ফিজিওথেরাপি অ্যাসিস্ট্যান্ট, নার্সিং অ্যাসিস্ট্যান্ট কাম মেডিক ডিসিপ্লিনে। যে কোনও ভারতীয় নাগরিক নীচের মতো যোগ্যতা থাকলে আবেদন করতে পারেন। একজন প্রার্থী কেবলমাত্র একটি পদের জন্যই আবেদন করবেন।

**হেড কনস্টেবল (ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট):** মোট শূন্যপদ ৩০টি (অসং ১৫, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১, ওবিসি ৮, আর্থিকভাবে দুর্বল ২)। কোনও স্বীকৃত বোর্ড/ প্রতিষ্ঠান থেকে বায়োলজি একটি বিষয় নিয়ে দ্বাদশ

......... *এরপর ৪ পাতায়*

এনার্জি ডেভেলপমেন্টে

## ৩২ ডিরেক্টর, ম্যানেজার

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** জেনারেল ম্যানেজার, চিফ ম্যানেজার সহ অন্যান্য পদে ৩২ জনকে নিচ্ছে ইন্ডিয়ান রিনিউয়েবল এনার্জি ডেভেলপমেন্ট এজেন্সি লিমিটেডে। এটি ভারত সরকারের একটি উদ্যোগ। নিয়োগ হবে ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্ট, প্রোজেক্ট সহ অন্যান্য ডিসিপ্লিনে।

জেনারেল ম্যানেজার (ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস)/ ই-৮ লেভেল:

......... *এরপর ৪ পাতায়*

স্পেশ্যালিস্ট পদে

## আইডিআই ব্যাঙ্কে ৩৩

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** স্পেশ্যালিস্ট অফিসার পদে ৩৩ জনকে নিচ্ছে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায় (আইডিবিআই)। কাজ করতে হবে সারা দেশে ছড়িয়ে থাকা ব্যাঙ্কের বিভিন্ন শাখা/ অফিসে। নীচের মতো যোগ্যতার ভারতীয়রা আবেদন করতে পারেন।

স্পেশ্যালিস্ট অফিসার: মোট শূন্যপদ ৩৩টি। এরমধ্যে- ডেপুটি জেনারেল ম্যানেজার (ডিজিএম)-

.... *এরপর ৫ পাতায়*

ন্যাশনাল ইনস্টিটিউট অফ বায়োলজিক্যালসে

## ৪৬ অ্যাসিস্ট্যান্ট, হিন্দি ট্রান্সলেটর, সায়েন্টিস্ট

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** সায়েন্টিস্ট (গ্রেড-II এবং III), অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট, হিন্দি ট্রান্সলেটর, ল্যাবরেটরি টেকনিশিয়ান এবং অ্যাসিস্ট্যান্ট-II পদে ৪৬ জনকে নিচ্ছে ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োলজিক্যালসে (NIB)। এটি ভারত সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন একটি স্বশাসিত প্রতিষ্ঠান।

সায়েন্টিস্ট গ্রেড-II: শূন্যপদ ২টি (অসং)। মেডিক্যাল প্রার্থীদের:- মেডিক্যাল কাউন্সিল অব স্বীকৃত মেডিক্যাল কলেজ থেকে পাশ করা এমবিবিএস ডিগ্রিধারী প্রার্থীদের স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে পাশ করা মাইক্রোবায়োলজি/ বায়োকেমিস্ট্রি/ ইমিউনোহেমাটোলজি অ্যান্ড ব্লাড ট্রান্সফিউশন/ ফার্মাকোলজি/ ব্যাক্টেরিওলজি/ সেরোলজি/ হেমাটোলজি -এর একটির পোস্ট-

.... এরপর ৬ পাতায়

কনস্ট্রাকশন, টেকনিক্যাল সহ অন্যান্য ডিসিপ্লিনে

## জাতীয় সড়ক উন্নয়নে ৩৭ ইয়ং প্রফেশনাল

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** ইয়ং প্রফেশনাল হিসেবে ৩৭ জনকে নিচ্ছে ন্যাশনাল হাইওয়ে অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেডে। এটি ভারত সরকারের মিনিস্ট্রি অফ রোড ট্রান্সপোর্ট অ্যান্ড হাইওয়ের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ হবে কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট, টেকনিক্যাল, হিউম্যান রিসোর্স সহ বিভিন্ন বিষয়ে। যে কোনও ভারতীয় নাগরিক নীচের মতো যোগ্যতা থাকলে আবেদন করতে পারেন।

কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট শাখায়: মোট শূন্যপদ ১০টি। এরমধ্যে থেকে অ্যাসোসিয়েট ৪টি, সিনিয়র অ্যাসোসিয়েট ৪টি, কনসাল্ট্যান্ট ২টি। স্বীকৃত আইআইটি/ এনআইটি থেকে কনস্ট্রাকশন ম্যানেজমেন্টের মাস্টার ডিগ্রি পাশরা ইঞ্জিনিয়ারিং ক্যাটেগরিতে সর্বশেষ ন্যাশনাল

.... *এরপর ৭ পাতায়*

https://kaajcareer.in

# সম্পাদকীয়

বর্ষ ২০ ● সংখ্যা ১২

ইং-২৫ মার্চ, ২০২৬ ● বাং- ১০ চৈত্র, ১৪৩২

## দেশের জ্বালানি নিরাপত্তা

দেশের জ্বালানি নিরাপত্তা নিয়ে উদ্বেগ বেড়ে চলেছে। সরকারি তথ্যেই এই উদ্বেগের কথা সামনে আনা হয়েছে। নয়াদিল্লি সূত্রের খবর,পশ্চিম এশিয়ার পরিস্থিতিই এই উদ্বেগের কারণ। জ্বালানি সংকট মোকাবিলায় সর্বদল বৈঠকের ডাক কেন্দ্রীয় সরকারের। সরকারিভাবে প্রস্তুত থাকার বার্তাও দেওয়া হয়েছে। মজুত করা নিয়েও সংশয় প্রকাশ করা হয়েছে। পরিস্থিতি মোকাবিলায় কি প্রস্তুতি নেওয়া হচ্ছে, তা অনেকটাই অস্পষ্ট। দেশের জ্বালানি নিরাপত্তায় কেন বাড়ছে সংশয় তা ইতিমধ্যেই জেনে গিয়েছেন সবাই। মূল কারণগুলি হল -এক. পশ্চিম এশিয়ায় সংঘাত প্রভাবের জের,দুই.আমদানিতে বিঘ্ন ঘটার আশঙ্কা প্রবল, তিন. হরমুজ প্রণালীর পরিস্থিতি অনিশ্চিত ও চার.পরিস্থিতি দীর্ঘস্থায়ী হলে আরও বিপদ বাড়বে। সব মিলিয়ে জ্বালানি নিয়ে অনিশ্চয়তা এখন সবচেয়ে বড় ইস্যু হয়ে দাঁড়িয়েছে। জ্বালানি মজুত নিয়ে আশঙ্কাও তৈরি হয়েছে । ভাণ্ডারের পরিমাণ কতটা তা স্পষ্ট করা হয়নি। বিশেষজ্ঞদের ইঙ্গিত, মোট ধারণক্ষমতার প্রায় ৬৪% ব্যবহারযোগ্য। বিশেষ এই পরিস্থিতিতে কতদিনের চাহিদা মিটবে তার পূর্বাভাস মেলেনি। কেন্দ্রীয় সরকার বা প্রধানমন্ত্রীর বার্তা- পরিস্থিতি দীর্ঘস্থায়ী হলে সঙ্কট বাড়বে। দেশের জনগণকে সতর্ক ও প্রস্তুত থাকার আহ্বান জানানো হয়েছে। পদক্ষেপ হিসেবে মজুতদারি ও কালোবাজারি রুখতে নজরদারির নির্দেশ দেওয়া হয়েছে। অন্যান্য দেশ থেকে জ্বালানি আমদানির পরিসর বাড়ানোর বিষয়টিও ভাবা হয়েছে। পাশাপাশি আপদকালীন ব্যবস্থা হিসেবে বিকল্প জ্বালানি ব্যবহারে জোর দেওয়ার কথা বলা হয়েছে। সরবরাহ ব্যবস্থা শক্তিশালী করার উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। অন্যদিকে বিরোধীপক্ষের বক্তব্য, সরকারি মজুত ও বাস্তব পরিস্থিতির মধ্যে তফাৎ অনেকটাই।

কাজকেরিয়ার

বিশেষ বিজ্ঞপ্তি

কাজকেরিয়ার বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনও সংস্থার বিজ্ঞাপন বা নিয়োগ বিজ্ঞপ্তি, আইনি সমস্যা সৃষ্টি করলে বা সেটির কারণে কারও আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে তার যাবতীয় দায়-দায়িত্ব বর্তাবে ওই বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরেই। এছাড়া কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে আবেদন বা সাক্ষাৎকারের সময় টাকা চাওয়া হলে সাবধানতা অবলম্বন করা একান্ত প্রযোজ্য এবং তা প্রদান করা সম্পূর্ণ যুক্তিসঙ্গত কিনা তাও খতিয়ে দেখে নেবেন। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে কাজকেরিয়ার বা এফেক্ট পাবলিকেশন তারজন্য কোনওভাবেই দায়ী থাকবে না। — সম্পাদক

— চিঠিপত্র বিভাগ —

চাকরি, ব্যবসা, বাণিজ্য, পড়াশুনা-কোর্স ও পরীক্ষা সংক্রান্ত যে কোনও বিষয়ে জানতে আগ্রহী হলে আমাদের এই বিভাগে চিঠি লিখে জানতে পারেন। আমরা যথাসময়ে আপনার নাম-ঠিকানা উল্লেখে সেই চিঠির উত্তর দেব।

ঠিকানা ঃ বিডি-৭২, সেক্টর-১, সল্টলেক সিটি, কলকাতা, পশ্চিমবঙ্গ -৭০০ ০৬৪

কাজকেরিয়ার

সম্পাদকীয় ও বিভাগীয় দপ্তর

এফেক্ট পাবলিকেশন্স,
বিডি-৭২, সেক্টর-১, সল্টলেক সিটি, কলকাতা-৭০০ ০৬৪
মোবাইল ঃ ৯৪৩৪৯৭২২৬০
ফোনঃ (০৩৩) ২৩৩৪-৩৫৭৫

বিজ্ঞাপনের অন্যান্য যোগাযোগ কেন্দ্র

১১৭ অরবিন্দ সরণী, গ্রাউন্ড ফ্লোর, কলকাতা-৭০০ ০০৬।
বিডি-৭২, সেক্টর-১, সল্টলেক, কলকাতা-৭০০০৬৪
মোবাইল ঃ ৯৪৩৪৯৭২২৬০

দিল্লি অফিস

মিষ্ঠি সদন, বি-৩৫২/১, গলি নং-৯৩, সন্ত নগর, বুরারি, অ্যাপেক্স স্কুলের সন্নিকটে, নিউ দিল্লি-১১০০৮৪

—সম্পাদক—

প্রবীর মুখোপাধ্যায়

প্রযত্নে ঃ কাজকেরিয়ার
ফোন ঃ (০৩৩) ২৩৩৪-৩৫৭৫
মোবাইল ঃ ৯৪৩৪৯৭২২৬০

Email: editorkaajcareer@gmail.com
Website: www.kaajcareer.in

## ১,৬০০ গ্র্যাজুয়েট

১ পাতার পর ..........

ট্রেনিংয়ের পর চাকরি দিতে সংস্থা বাধ্য নয়। নীচে বলা মাইনিং/ মাইন সার্ভেইংয়ের প্রার্থীদের নিয়োগ হবে কেবলমাত্র ভূগর্ভস্থ খনিতে। বাকি ইঞ্জিনিয়ারিং অ্যাপ্রেন্টিসদের নিয়োগ হবে উন্মুক্ত খনি, ভূগর্ভস্থ খনি এবং ওয়ার্কশপে এবং সাধারণ শাখার গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসদের নিয়োগ হবে কোলফিল্ডসের বিভিন্ন অফিস এবং এস্টাব্লিশমেন্টে।

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: মোট আসন ৫০০টি। এরমধ্যে- মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ে: ২০০টি (সাধাঃ ১০০, তঃজাঃ ২৮, তঃউঃজাঃ ২৮, ওবিসি ৩৪), সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে: ২০টি (সাধাঃ ১০, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৩, ওবিসি ৩), ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে: ৩০টি (সাধাঃ ১৫, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৪, ওবিসি ৫), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে: ৩০টি (সাধাঃ ১৫, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৪, ওবিসি ৫), ইলেক্ট. অ্যান্ড টেলি ইঞ্জিনিয়ারিংয়ে: ১০টি (সাধাঃ ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ওবিসি ২), অ্যামিনিস্ট্রেশন (বিবিএ): ২৫টি (সাধাঃ ১৩, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩, ওবিসি ৪), কম্পিউটার অ্যাপ্লিকেশন (বিসিএ): ১০০টি (সাধাঃ ৫০, তঃজাঃ ১৯, তঃউঃজাঃ ১৪, ওবিসি ১৭), কমার্স (বি.কম.):৫০টি (সাধাঃ ২৫, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ৭, ওবিসি ৮) এবং সায়েন্স (বি.এসসি.) কেমিস্ট্রিতে: ৩৫টি (সাধাঃ ১৭, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৫, ওবিসি ৬)।

প্রার্থীদের সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং/ জেনারেল শাখার ৪ বা ৩ বছরের গ্র্যাজুয়েট ডিগ্রিধারী হতে হবে।

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের মোট আসন ১১০০টি। এরমধ্যে- মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ে: ৯০০টি (সাধাঃ ৪৫০, তঃজাঃ ১৭১, তঃউঃজাঃ ১২৬, ওবিসি ১৫৩), মাইন সার্ভেইং: ৪০টি (সাধাঃ ২০, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৫, ওবিসি ৭), সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে: ৪০টি (সাধাঃ ২০, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৫, ওবিসি ৭), ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে: ৫০টি (সাধাঃ ২৫, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ৭, ওবিসি ৮), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে: ৫০টি (সাধাঃ ২৫, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ৭, ওবিসি ৮), ইলেক্ট. অ্যান্ড টেলিকম ইঞ্জিনিয়ারিংয়ে: ২০টি (সাধাঃ ১০, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৩, ওবিসি ৩)।

প্রার্থীদের সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং/ সরকার স্বীকৃত ইনস্টিটিউট থেকে পাশ করা, সমতুল শাখার ৩ বছরের ডিপ্লোমাধারী হতে হবে। মাধ্যমিক বা সমতুল পাশ হলে ৩/ ৪ বছরের ডিপ্লোমা, উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ প্রার্থীরা ল্যাটারাল এন্ট্রিতে দ্বিতীয় বছর কোর্সে ঢুকে থাকলে ২ বছরের ডিপ্লোমাধারী হতে হবে। সব কোর্সই রেগুলার, পুরো সময়ের হওয়া চাই। অ্যাপ্রেন্টিস হিসেবে যোগদানের তারিখ থেকে আগের ৫ বছরের মধ্যে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি/ ডিপ্লোমা অর্জন করে থাকতে হবে। ৩১ মার্চ, ২০২৬ তারিখের হিসেবে বয়স ১৮ বছর পূর্ণ হয়ে থাকতে হবে।

আগে অন্য কোনও ইনস্টিটিউশনে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে কিংবা ১ বছর বা তার বেশি সময় চাকরি করে থাকলে, স্নাতকোত্তর কোর্স পাঠরত হলে বা স্নাতকোত্তর শিক্ষাগত যোগ্যতা থাকলে আবেদন করা যাবে না।

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসদের স্টাইপেন্ড মাসে ১২,৩০০ টাকা। টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসদের স্টাইপেন্ড মাসে ১০,৯০০ টাকা।

প্রার্থিবাছাই হবে ইঞ্জিনিয়ারিং/ জেনারেল শাখায় ডিগ্রি বা ডিপ্লোমা পাশের তারিখ, প্রমাণপত্র যাচাই এবং ডাক্তারি পরীক্ষার ভিত্তিতে। যাঁরা আগে পাশ করেছেন তাঁদের মেধাতালিকা প্রথম দিকে রাখা হবে। যদি মার্কিশিটে পাশের তারিখের উল্লেখ না থাকে তাহলে, প্রমাণপত্র যাচাইয়ের সময় ফলাফল (রেজাল্ট) প্রকাশের তারিখ উল্লিখিত, পলিটেকনিক/ কলেজ/ ইনস্টিটিউটের প্রিন্সিপ্যালের দেওয়া, একটি সার্টিফিকেট জমা দিতে হবে। যে কোনও একটি ক্যাটেগরিতে পাশের তারিখ একই হলে সেক্ষেত্রে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি বা জেনারেল স্ট্রিম/ ডিপ্লোমার নম্বর, দশম/ দ্বাদশের নম্বর এবং জন্ম তারিখ ইত্যাদির ভিত্তিতে বাছাই করা হবে। প্রমাণপত্র যাচাই করা হবে এপ্রিল মাসের ২০ তারিখ থেকে। আ পাত নির্বাচিতদের তালিকা সহ কবে কীভাবে প্রমাণপত্র যাচাই করা হবে তা জানানো হবে কোলফিল্ডসের ওয়েবসাইটে। প্রার্থিবাছাই সংক্রান্ত আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে। প্রমাণপত্র যাচাই, ডাক্তারি পরীক্ষা বা ট্রেনিংয়ে যাওয়া-আসার সময় টিএ/ ডিএ পাবেন না।

প্রার্থীদের বোর্ড অব অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং, ওয়েস্টার্ন রিজিয়ন, মুম্বই -এর NATS 2.0 পোর্টালে (https://nats.education.gov.in) রেজিস্টার্ড হতে হবে। রেজিস্ট্রেশন করবেন https://moenats.aicte-india.org/student_register.php বা https://nats.education.gov.in -এর অফিসিয়াল ওয়েবসাইটে গিয়ে। ওয়েবসাইটের হোম পেজে স্টুডেন্ট ম্যানুয়াল দেখে নেবেন। NATS পোর্টালে অনলাইন রেজিস্ট্রেশনের সময় যে কোনও বাধা/ সমস্যা হলে বোর্ড অব অ্যাপ্রেন্টিসশিপ অফিসে মেইল করতে পারেন natssupport_student@aicte-india.org ই-মেইল আইডিতে। অথবা ফোন করতে পারেন 011-29581332 (ল্যান্ডলাইন) এবং 9773895330 নম্বরে। সাউথ ইস্টার্ন কোলফিল্ডসের ওয়েবসাইটে দেওয়া লিঙ্কের মাধ্যমে অনলাইন আবেদন জমা দেবেন ৩১ মার্চ, ২০২৬ তারিখ, রাত ১২টার মধ্যে। সাউথ ইস্টার্ন কোলফিল্ডসের ওয়েবসাইট (www.secl-cil.in)-তে নিয়মিত নজর রাখবেন। সংস্থার হেল্প ডেস্ক ফোন নং ০৭৭৫২-২৫৫০৫৯. কেবল জরুরি প্রয়োজনে, সোম থেকে শুক্র সকাল ১০টা থেকে বিকেল ৫টা এবং শনিবার সকাল ১০টা থেকে দেড়টার (১.৩০) মধ্যে ফোন করতে পারেন হেল্প ডেস্ক নম্বরে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নং SECL/BSP/HRD/NATS/Apprentice26-27/1393.তারিখ 17.03.2026. আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

## ৬৭৭ মাইনিং সর্দার

১ পাতার পর ..........

বা সমতুল সার্টিফিকেটধারী হলে আবেদন করতে পারেন। সঙ্গে বৈধ ফার্স্ট এইড সার্টিফিকেট ও বৈধ গ্যাস টেস্টিং সার্টিফিকেট থাকা চাই।

মাইনিং সর্দার: মোট শূন্যপদ ৪৪৮টি (অসং ১৭৬, তঃজাঃ ৭৮, তঃউঃজাঃ ৯৬, ওবিসি ৬৮, আর্থিকভাবে দুর্বল ৪৩)। সিনিয়র সেকেন্ডারি/ ইন্টারমিডিয়েট পাশ প্রার্থীরা অথবা মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমাধারীরা বা মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি পাশরা ওপেন কাস্ট অ্যান্ড আন্ডার গ্রাউন্ড মাইনসের বৈধ সর্দারশিপ কম্পিটেন্সি (আন-রেস্টিকটেড) বা সমতুল সার্টিফিকেটধারী হলে আবেদন করতে পারেন। সঙ্গে বৈধ ফার্স্ট এইড সার্টিফিকেট ও বৈধ গ্যাস টেস্টিং সার্টিফিকেট থাকা চাই।

সার্ভেয়র: মোট শূন্যপদ ২৪টি (অসং ৮, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২৪, আর্থিকভাবে দুর্বল ১)। সিনিয়র সেকেন্ডারি/ ইন্টারমিডিয়েট পাশ প্রার্থীরা অথবা মাইনিং/ মাইন সার্ভেয়িং ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমাধারীরা অথবা মাইনিং/ মাইন সার্ভেয়িংয়ের ডিগ্রি পাশরা সঙ্গে ওপেন কাস্ট অ্যান্ড আন্ডার গ্রাউন্ড মাইনসের বৈধ সার্ভে কম্পিটেন্সি (আন-রেস্টিকটেড) বা সমতুল সার্টিফিকেটধারী হলে আবেদন করতে পারেন।

ট্রান্সলেটর ক্লারিক্যাল গ্রেড-৩: মোট শূন্যপদ ১টি (তঃজাঃ)। ইংরেজি ও হিন্দি বিষয় নিয়ে আর্টসের ব্যাচেলর ডিগ্রি পাশরা আবেদন করতে পারেন। হিন্দির ট্রান্সলেশনের ডিপ্লোমাধারী হলে

......... এরপর ৩ পাতায়

## ১০০ ফ্রেশার

*১ পাতার পর ..........*

ইন্ডিয়া লিমিটেডের সহযোগী প্রতিষ্ঠান সাউথ ইস্টার্ন কোলফিল্ডস লিমিটেড, বিলাশপুরে (এসইসিএল, বিলাশপুর)। ২০২৬-২৭ আর্থিকবর্ষে, অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ (বিভিন্ন সময়ে সংশোধিত)-এর অধীনে ১ বছরের ট্রেনিং হবে ছত্তিশগড় এবং মধ্যপ্রদেশে সংস্থার বিভিন্ন অফিস, এস্টাব্লিশমেন্ট এবং বিভিন্ন এলাকার ইউনিট এবং কোম্পানী হেডকোয়ার্টারে।

ফ্রেশার অ্যাপ্রেন্টিস: মোট আসন ১০০টি। এরমধ্যে- অফিস অ্যাসিস্ট্যান্ট ট্রেডে: ২৫টি (সাধাঃ ১৩, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৩, ওবিসি ৫), জেনারেল ডিউটি অ্যাসিস্ট্যান্ট ট্রেডে: ২০টি (সাধাঃ ১০, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৩, ওবিসি ৪), অ্যাসিস্ট্যান্ট মাইন সার্ভেয়র ট্রেডে: ২৫টি (সাধাঃ ১৩, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৩, ওবিসি ৫) এবং সিকিউরিটি গার্ড ট্রেডে: ৩০টি (সাধাঃ ১৫, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৪, ওবিসি ৬)। দশম এবং একাদশ শ্রেণি পাশ হতে হবে।

প্রার্থীদের ট্রেড অনুযায়ী দশম এবং একাদশ শ্রেণি পাশ হতে হবে। ৩১ মার্চ, ২০২৬ তারিখের হিসেবে বয়স ১৮ বছর পূর্ণ হয়ে থাকতে হবে। যাঁরা অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়েছেন বা এসইসিএল -এ যে ট্রেডে ট্রেনিংয়ের আবেদন করতে চাইছেন সেই ট্রেডে অন্য কোনও প্রতিষ্ঠানে ট্রেনিং নিয়েছেন তাঁরা আবেদনের যোগ্য নন।

ফ্রেশার অ্যাপ্রেন্টিসদের স্টাইপেন্ড মাসে ৮,২০০ টাকা।

প্রার্থিবাছাই হবে সাউথ ইস্টার্ন কোলফিল্ডস লিমিটেডের অ্যাপ্রেন্টিসশিপ পোর্টালে, নির্ধারিত সময়ের মধ্যে করা, আবেদনের ভিত্তিতে। ১ বছরের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের জন্য প্রার্থীদের অস্থায়ী তালিকা প্রস্তুত করা হবে সরকারি সংরক্ষণ নীতি অনুযায়ী দশম ও একাদশ শ্রেণির পরীক্ষার নম্বর এবং মেধার ভিত্তিতে। যদি দুই প্রার্থীর নম্বর একই হয় সেক্ষেত্রে বাছাই হবে বেশি বয়সের হিসেবে। প্রাথমিক পর্যায়ে বাছাই প্রার্থীদের তালিকা এবং প্রার্থিবাছাই সংক্রান্ত অন্যান্য তথ্য পাবেন সংস্থার ওয়েবসাইটে। প্রাথমিক বাছাই প্রার্থীদের প্রমাণপত্র যাচাইয়ের আগে দশম/ একাদশ শ্রেণির পরীক্ষার মার্কশিট, এখনকার তোলা পাসপোর্ট মাপের ছবি, বার্থ সার্টিফিকেট (দশম শ্রেণির মার্কশিট/ আধার কার্ড), কাস্ট ক্যাটেগরি, আধার কার্ড নম্বর এবং যে ট্রেডে ট্রেনিং নিতে চান সেই ট্রেডের নাম আপলোড করতে হবে। প্রার্থীর কাছে (১০ টাকার স্ট্যাম্প পেপারে) আগে থেকেই নোটারি করা এফিডেবিট, সরকারি হাসপাতালের মেডিক্যাল অফিসারের দেওয়া মেডিক্যাল ফিটনেস সার্টিফিকেট থাকা চাই।

আবেদন করতে হবে অ্যাপ্রেন্টিসশিপ পোর্টাল www.apprenticeship.gov.in -এর মাধ্যমে, ৩১ মার্চ, ২০২৬ তারিখের মধ্যে। নির্ধারিত সময়ের পরে করা আবেদন বা অসম্পূর্ণ আবেদন বাতিল হবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নং SECL/ BSP/ HRD/ NAPS/ Apprentice26-27/1394. তারিখ 17.03.2026. আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

## ভারতীয় রেলে ১১,১২৭

*২ পাতার পর ..........*

অগ্রাধিকার। এই পদের শারীরিক প্রতিবন্ধীরা আবেদনের যোগ্য।

টেকনিশিয়ান (প্যাথোলজি): মোট শূন্যপদ ২টি (তঃজাঃ ১, ওবিসি ১)। প্যাথোলজির ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। এই পদে শারীরিক প্রতিবন্ধীরা আবেদনের যোগ্য।

সবক্ষেত্রেই বয়স হতে হবে ৬-৪-২০২৬ তারিখের হিসেবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা (ট্রান্সলেটর/ টেকনিশিয়ান পদের ক্ষেত্রে) ১০ (তফশিলি হলে ১৫, ওবিসি হলে ১৩) বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

প্রার্থীবাছাই হবে কম্পিউটার বেসড পরীক্ষার মাধ্যমে। এই পরীক্ষায় থাকবে ২টি সেকশন। প্রথম সেকশনে থাকবে ২০ নম্বরের জেনারেল অ্যাওয়ারনেস/ অ্যাপ্টিটিউড বিষয়ের প্রশ্ন। দ্বিতীয় সেকশনে থাকবে ৮০ নম্বরের টেকনিক্যাল বিষয়ের প্রশ্ন। কোনও নেগেটিভ মার্কিং নেই। এতে সফলদের হবে নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষা। নথিপত্র যাচাইয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূলগুলি সঙ্গে নিয়ে যাবেন। এই নিয়োগের ক্ষেত্রে কোনও ইন্টারভিউ হবে না।

আবেদন করবেন অনলাইনে https://www.mahanadicoal.in/ ওয়েবসাইটের মাধ্যমে, ৬ এপ্রিলের মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে পাসপোর্ট মাপের ছবি, কালো কালি দিয়ে করা সই, মাধ্যমিকের মার্কশিট ও সার্টিফিকেট, ডিপ্লোমা/ ডিগ্রি মার্কশিট ও সার্টিফিকেট, সংরক্ষিত প্রার্থীদের ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেট, আর্থিকভাবে দুর্বল প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণপত্র, শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে প্রতিবন্ধকতার সার্টিফিকেট, মাইনিং সর্দার/ ওভারম্যান/ সার্ভেয়র এবং গ্যাস টেস্টিং ও ফার্স্ট এইড সার্টিফিকেট ইত্যাদি ওয়েবসাইটে দেওয়া নির্দেশ অনুযায়ী স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। আবেদনের ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা। অনলাইনে ফি জমা দেবেন ডেবিট/ ক্রেডিট কার্ড/ নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অনলাইনে ফি পেমেন্ট হয়ে গেলে ই-রিসিপ্টের প্রিন্ট নিয়ে নেবেন। এক্ষেত্রে অতিরিক্ত ফি প্রার্থীকেই বহন করতে হবে। তফশিলি, শারীরিক প্রতিবন্ধী, মহিলা ও প্রাক্তন সমরকর্মীদের এই ফি দিতে হবে না। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। আরও বিস্তারিত জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

## ১২০ এক্সিকিউটিভ ট্রেনি

*১ পাতার পর ..........*

খবর ১৮ ফেব্রুয়ারি কাজকেরিয়ারে প্রকাশিত হয়েছিল। কর্তৃপক্ষ এক বিজ্ঞপ্তির মাধ্যমে আবেদনের শেষ তারিখ বাড়িয়ে ১৫ এপ্রিল করেছে। প্রার্থীদের সুবিধার জন্য খবরটি পুনরায় প্রকাশ করা হল।

সিনিয়র এক্সিকিউটিভ ট্রেনি (ডিআর) টেলিকম স্ট্রিম: শূন্যপদ ৯৫টি (তঃজাঃ ১৪, তঃউঃজাঃ ৭, ওবিসি (এনসিএল) ২৫, ওসি/ ওবিসি (সিএল) ৪০, আর্থিকভাবে কমজোর প্রার্থী ৯ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ৪)। টেলিকম অপারেশন্সের ক্ষেত্রে: ক) অন্তত ৬০ শতাংশ নম্বর নিয়ে ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন/ ইলেক্ট্রনিক্স/ কম্পিউটার সায়েন্স/ ইনফর্মেশন টেকনোলজি/ ইলেক্ট্রিক্যাল/ ইনস্ট্রুমেন্টেশন –এর পুরো সময়ের রেগুলার একটির ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজি ব্যাচেলর ডিগ্রি বা সমতুল অথবা খ) অন্যান্য সংশ্লিষ্ট শাখা(গুলির) সাথে কোর হিসেবে ওপরে বলা ডিসিপ্লিনগুলির কম্বিনেশনে ডিগ্রিধারী হতে হবে। কোনও ভারতীয় ইনস্টিটিউট/ বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট ডিগ্রি অর্জন করে থাকতে হবে ০৭ মার্চ, ২০২৬ তারিখের মধ্যে।

সিনিয়র এক্সিকিউটিভ ট্রেনি (ডিআর) ফিনান্স স্ট্রিম: শূন্যপদ ২৫টি (তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ওবিসি (এনসিএল) ৬, ওসি/ ওবিসি (সিএল) ১১, আর্থিকভাবে কমজোর প্রার্থী ২ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ১)। ফিনান্সের ক্ষেত্রে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট (সিএ), কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্সি হতে হবে। কোনও ভারতীয় ইনস্টিটিউট/ বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট ডিগ্রি অর্জন করে থাকতে হবে ০৭ মার্চ, ২০২৬ তারিখের মধ্যে।

ওপরে বলা দুটি পদের প্রার্থীদের ১৫-৪-২০২৬ তারিখের হিসেবে বয়স হতে হবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, সাধাঃ/ ইডব্লিউএস/ ওবিসি (সিএল)-প্রতিবন্ধীরা ১০, ওবিসি (এনসিএল)-প্রতিবন্ধীরা ১৩ এবং তফশিলি-প্রতিবন্ধীরা ১৫ বছর বয়সের ছাড় পাবেন। মাইনে ২৪,৯০০ – ৫০,৫০০ টাকা। সিনিয়র এক্সিকিউটিভ ট্রেনি (ডিআর)–দের সফল প্রবেশন শেষে সিনিয়র এক্সিকিউটিভ (ডিআর) পদে নিয়োগ হবে।

প্রার্থিবাছাইয়ের জন্য "কম্পিউটার বেসড মাল্টিপল চয়েজ-অবজেক্টিভ টাইপ পরীক্ষা" হবে। বিএসএনএল পরীক্ষার ৫ দিনের মধ্যে সাময়িক প্রশ্ন/ উত্তর প্রদর্শন করবে। পরীক্ষা হবে কলকাতা, গুয়াহাটি, পাটনা, রাঁচি, সিলং, ভুবনেশ্বর, পোর্টব্লেয়ার, গ্যাংটক সহ দেশের মোট ২৭টি শহরের কেন্দ্রগুলিতে। যে কোনও একটি পরীক্ষা কেন্দ্র পছন্দ করতে হবে। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন www.externalexam.bsnl.co.in ওয়েবসাইট থেকে। বিভাগীয় প্রার্থীরা কোনও বিষয়েই কোনও ছাড় পাবেন না। নিয়োগ হবে ডাক্তারি পরীক্ষায় সফল হলে। সিবিটি-র সম্ভাব্য তারিখ ও সময় যথাক্রমে ২৯ মার্চ, ২০২৬ ও সময় সকাল ১০টা।

পার্ট-I (কমন) পরীক্ষায় এসইটি (ডিআর) টেলিকম এবং এসইটি (ডিআর) ফিনান্স –এর জন্য থাকবে ৪০ নম্বরের অ্যাপ্টিটিউড টেস্টের ৪০টি প্রশ্ন। অন্যদিকে, ১৬০ নম্বরের এসইটি (ডিআর) টেলিকম –এর পার্ট-II (কোর) পরীক্ষায় থাকবে টেকনিক্যাল (টেলিকম) টেস্টের ১৬০টি প্রশ্ন। পার্ট-I এবং পার্ট-II মিলিয়ে উত্তরের জন্য মোট সময় পাবেন ১৮০ মিনিট (২ ঘন্টা)। অন্যদিকে, ১৬০ নম্বরের এসইটি (ডিআর) ফিনান্স –এর পার্ট-II (কোর) পরীক্ষায় থাকবে টেকনিক্যাল (ফিনান্স) টেস্টের ১৬০টি প্রশ্ন। পার্ট-I এবং পার্ট-II মিলিয়ে উত্তরের জন্য মোট সময় পাবেন ১৮০ মিনিট (২ ঘন্টা)।

পার্ট-I (কমন) এবং পার্ট-II (কোর) পরীক্ষা হবে একই সিফটে। টেলিকম এবং ফিনান্স সেকশন দুটির অ্যাপ্টিটিউড টেস্টের সিলেবাস নীচের মতো- পার্ট-I (কমন) অ্যাপ্টিটিউড টেস্ট – কোয়ান্টিটেটিভ এবিলিটি অ্যান্ড ডেটা সাফিসিয়েন্সি, রিজনিং এবং ভার্বাল এবিলিটি, রিডিং কমপ্রিহেনশন অ্যান্ড অ্যানালিসিস।

পার্ট-II (কোর)- (টেকনিক্যাল)- টেলিকম – বিষয়গুলি হল: ১) বেসিক টেলিকমিউনিকেশন্স কনসেপ্টস, ওয়েটেজ ১৫ শতাংশ), ২) ওয়্যারলেস টেলিকমিউনিকেশন্স টেকনোলজিস (সাব হেডিং- ওয়্যারলেস কমিউনিকেশন প্রিন্সিপলস, মোবাইল অ্যান্টেনা সিস্টেম, ফান্ডামেন্টালস অব জিএসএম (২জি/ ৩জি), ফান্ডামেন্টালস অব এলটিই, ইত্যাদি) (ওয়েটেজ ১৫ শতাংশ), ৩) ওয়্যারলেস টেলিকমিউনিকেশন্স টেকনোলজিস (সাব হেডিং- এনজিএন সুইচেস, সফট সুইচেস, টেলিকমিউনিকেশন কল রুটিং অ্যান্ড সুইচিং কনসেপ্টস, এফটিটিx-টেকনোলজি, ইত্যাদি) (ওয়েটেজ ১৫ শতাংশ), ৪) টেলিকম ট্রান্সমিশন ইনফ্রাস্ট্রাকচার (সাব হেডিং- অপটিক্যাল ফাইবার টেকনোলজি, অপটিক্যাল ফাইবার সিস্টেমস, ইত্যাদি) (ওয়েটেজ ১৫ শতাংশ), ৫) আইপি/ ডেটা নেটওয়ার্কস (সাব হেডিং- নেটওয়ার্ক এলিমেন্টস, রুটিং কনসেপ্ট অ্যান্ড প্রোটোকলস, ইত্যাদি) (ওয়েটেজ ১৫ শতাংশ), ৬) ইমার্জিং টেকনোলজিস (সাব হেডিং- ফান্ডামেন্টালস অব ইন্টারনেট অব থিংস (এলওটি) অ্যান্ড এম২এম, ব্লক চেইন, সফটওয়্যার ডিফাইন্ড নেটওয়ার্কস, ইত্যাদি) (ওয়েটেজ ১৫ শতাংশ), ৬) প্রজেক্ট ম্যানেজমেন্ট (সাব হেডিং- ইনট্রোডাকশন টু প্রজেক্ট ম্যানেজমেন্ট অ্যান্ড প্রজেক্ট সিলেকশন, প্রজেক্ট প্ল্যানিং অ্যান্ড ইমপ্লিমেন্টেশন, ইত্যাদি) (ওয়েটেজ ১০ শতাংশ)।

পার্ট-II (কোর)- (টেকনিক্যাল)- ফিনান্স – বিষয়গুলি হল: ১) অ্যাডভান্সড অ্যাকাউন্টিং (সাব হেডিং- প্রিপারেশন অব ফিনান্সিয়াল স্টেটমেন্টস – বিএস, পি অ্যান্ড এল, ফিনান্সিয়াল রেসিওস, ইবিআইটিডিএ, ইত্যাদি) (ওয়েটেজ ১৫ শতাংশ), ২) ট্যাক্সেশন রুলস (সাব হেডিং- ইনডাইরেক্ট ট্যাক্স – জিএসটি ল'জ, কম্পিউটেশন অব জিএসটি লায়েবিলিটি, জিএসটি, টিএসডি, ইত্যাদি) (ওয়েটেজ ১৫ শতাংশ), ৩) কস্ট অ্যাকাউন্টিং (সাব হেডিং- কস্ট এলিমেন্টস, প্রিপারেশন অব কস্ট শিটস, কস্ট অ্যাকাউন্টিং সিস্টেম, ব্রেক ইভেন অ্যানালিসিস, ইত্যাদি) (ওয়েটেজ ১৫ শতাংশ), ৪) ফিনান্সিয়াল স্টেটমেন্ট (সাব হেডিং- ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট ফাংশন্স অ্যান্ড রেসিওজ, রেসিওজ অ্যানালিসিস, ইত্যাদি) (ওয়েটেজ ১৫ শতাংশ), ৫) কর্পোরেট অ্যান্ড আদার ল' (সাব হেডিং- ইনকর্পোরেশন অব কোম্পানিজ, প্রসপেক্টাস অ্যান্ড অ্যালটমেন্ট অব সিকিউরিটিজ, শেয়ার ক্যাপিটাল অ্যান্ড ডিবেঞ্চার্স, ইত্যাদি) (ওয়েটেজ ১৫ শতাংশ),

*........ এরপর ৪ পাতায়*

https://kaajcareer.in

## ১২০ এক্সিকিউটিভ ট্রেনি

*৩ পাতার পর ..........*

৬) অডিট অ্যান্ড অ্যাশিওরেন্স (সাব হেডিং- অডিট কনসেপ্টস, ইন্টারনাল কন্ট্রোলস, এনগেজমেন্ট স্ট্যান্ডার্ডস, ইত্যাদি) (ওয়েটেজ ১৫ শতাংশ), ৭) অ্যাকাউন্টিং রিভাইবেবল ম্যানেজমেন্ট (সাব হেডিং- অবজেক্টিভ অ্যান্ড বেনিফিটস অব রিভাইবেবল ম্যানেজমেন্ট, ক্রেডিট পলিসি অ্যান্ড ক্রেডিট অ্যানালিসিস, ইত্যাদি) (ওয়েটেজ ১০ শতাংশ)।

আবেদনের ফি ওসি/ ওবিসি/ ইডব্লিউএস প্রার্থীদের জন্য ২,৫০০ টাকা এবং তফশিলি/ প্রতিবন্ধীদের জন্য ১,২৫০ টাকা। অনলাইনে ফি দেবেন https://externalexam.bsnl.co.in/ ওয়েবসাইটে, ইন্টারনেট ব্যাঙ্কিং/ ক্রেডিট কার্ড/ ডেবিট কার্ড ব্যবহার করে।

আবেদনের জন্য রেজিস্ট্রেশন করবেন https://externalexam.bsnl.co.in/ ওয়েবসাইটের মাধ্যমে, ১৫ এপ্রিলের মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ই-মেইল আইডি থাকা চাই। আবেদনপত্র এডিট করবেন ১৬ থেকে ২৩ এপ্রিলের মধ্যে। বিজ্ঞপ্তি নং BSNLCO-11/12(11)/1/2025-RECTT-CO-Part(1). আরও অনেক বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

## ৭৬ হেড কনস্টেবল

*১ পাতার পর ..........*

শ্রেণি পাশরা কোনও ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট কোর্সের ১ বছরের সার্টিফিকেটধারী হলে এবং কোনও ল্যাবরেটরি ডায়াগনস্টিক সেন্টার/ হাসপাতালে ল্যাব অ্যাসিস্ট্যান্ট হিসেবে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ২৫,৫০০ - ৮১,১০০ টাকা। সঙ্গে অন্যান্য ভাতা ও সুযোগ-সুবিধা।

**হেড কনস্টেবল (ফিজিওথেরাপি অ্যাসিস্ট্যান্ট):** মোট শূন্যপদ ১২টি (অসং ৭, তঃজাঃ ১, ওবিসি ৩, আর্থিকভাবে দুর্বল ১)। কোনও স্বীকৃত বোর্ড/ প্রতিষ্ঠান থেকে দ্বাদশ শ্রেণি পাশরা ফিজিওথেরাপির ১ বছরের সার্টিফিকেটধারী হলে এবং কোনও ফিজিওথেরাপি সেন্টার/ অন্তত ১০০ শয্যাবিশিষ্ট হাসপাতালে ফিজিওথেরাপি অ্যাসিস্ট্যান্ট হিসেবে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ২৫,৫০০ - ৮১,১০০ টাকা। সঙ্গে অন্যান্য ভাতা ও সুযোগ-সুবিধা।

**হেড কনস্টেবল (নার্সিং অ্যাসিস্ট্যান্ট কাম মেডিক):** মোট শূন্যপদ ৩৪টি (অসং ১৭, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ওবিসি ৯, আর্থিকভাবে দুর্বল ২)। কোনও স্বীকৃত বোর্ড/ প্রতিষ্ঠান থেকে দশম শ্রেণি পাশরা সেন্ট জনস অ্যাম্বুল্যান্স অর্গানাইজেশন বা রেড ক্রস সোসাইটি অফ ইন্ডিয়া থেকে ফার্স্ট এইড সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলে এবং অন্তত ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালে নার্সিং অ্যাসিস্ট্যান্ট হিসেবে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ২১,৭০০ - ৬৯,১০০ টাকা। সঙ্গে অন্যান্য ভাতা ও সুযোগ-সুবিধা।

সবক্ষেত্রেই বয়স হতে হবে ১৯-৪-২০২৬ তারিখের হিসেবে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩ ও প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

শারীরিক মাপজোক হতে হবে— পুরুষদের ক্ষেত্রে উচ্চতায় অন্তত ১৬৫ (তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬০, ত্রিপুরা/ অরুণাচলপ্রদেশ সহ উত্তর-পূর্বাঞ্চলের তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৫৫, মাওবাদী অধ্যুষিত এলাকার তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৫৮, গোর্খা, গাড়োয়ালি, কুমায়ুন, দোগ্রা, মারাঠি এবং অরুণাচলপ্রদেশ, মণিপুরী, ত্রিপুরা, মিজোরাম ইত্যাদি এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ১৬২.৫, ত্রিপুরা/ অরুণাচলপ্রদেশ/ অসম সহ উত্তর-পূর্বাঞ্চলের প্রার্থীদের ক্ষেত্রে ১৬০, গোর্খা টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশনের অধীনস্থ দার্জিলিং জেলার দার্জিলিং, কালিম্পং ও কার্শিয়াং সাব-ডিভিশনের প্রার্থীদের ক্ষেত্রে ১৫৫) সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৫ ও ৮০ (তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬০, ত্রিপুরা/ অরুণাচলপ্রদেশ সহ উত্তর-পূর্বাঞ্চলের তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ৭৫ ও ৮০, মাওবাদী অধ্যুষিত এলাকার তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ৭৫ ও ৮০, গোর্খা, গাড়োয়ালি, কুমায়ুন, দোগ্রা, মারাঠি এবং অরুণাচলপ্রদেশ, মণিপুরী, ত্রিপুরা, মিজোরাম ইত্যাদি এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ৭৫ ও ৮০, ত্রিপুরা/ অরুণাচলপ্রদেশ/ অসম সহ উত্তর-পূর্বাঞ্চলের প্রার্থীদের ক্ষেত্রে ৭৫ ও ৮০, গোর্খা টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশনের অধীনস্থ দার্জিলিং জেলার দার্জিলিং, কালিম্পং ও কার্শিয়াং সাব-ডিভিশনের প্রার্থীদের ক্ষেত্রে ৭৫ ও ৮০) সেমি। মহিলাদের ক্ষেত্রে উচ্চতা অন্তত ১৫৫ (তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৪৮, ত্রিপুরা/ অরুণাচলপ্রদেশ সহ উত্তর-পূর্বাঞ্চলের তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৪৭, মাওবাদী অধ্যুষিত এলাকার তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৪৭, গোর্খা, গাড়োয়ালি, কুমায়ুন, দোগ্রা, মারাঠি এবং অরুণাচলপ্রদেশ, মণিপুরী, ত্রিপুরা, মিজোরাম ইত্যাদি এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ১৫২, ত্রিপুরা/ অরুণাচলপ্রদেশ/ অসম সহ উত্তর-পূর্বাঞ্চলের প্রার্থীদের ক্ষেত্রে ১৫০, গোর্খা টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশনের অধীনস্থ দার্জিলিং জেলার দার্জিলিং, কালিম্পং ও কার্শিয়াং সাব-ডিভিশনের প্রার্থীদের ক্ষেত্রে ১৫০) সেমি। হেড কনস্টেবল (কমিউনিকেশন) পদের পুরুষদের ক্ষেত্রে উচ্চতায় অন্তত ১৭০ (গোর্খা, গাড়োয়ালি, কুমায়ুন, দোগ্রা, মারাঠি এবং অরুণাচলপ্রদেশ, মণিপুরী, ত্রিপুরা, মিজোরাম ইত্যাদি এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ১৬৫, তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬২.৫) সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ (গোর্খা, গাড়োয়ালি, কুমায়ুন, দোগ্রা, মারাঠি এবং অরুণাচলপ্রদেশ, মণিপুরী, ত্রিপুরা, মিজোরাম ইত্যাদি এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ৭৮ ও ৮৩, তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ৭৬ ও ৮১) সেমি। মহিলাদের ক্ষেত্রে ১৫৭ (গোর্খা, গাড়োয়ালি, কুমায়ুন, দোগ্রা, মারাঠি এবং অরুণাচলপ্রদেশ, মণিপুরী, ত্রিপুরা, মিজোরাম ইত্যাদি এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ১৫৫, তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৫০) সেমি। হেড কনস্টেবল (ইলেক্ট্রিশিয়ান) পদের পুরুষদের ক্ষেত্রে উচ্চতায় অন্তত ১৬৭.৫ (গোর্খা, গাড়োয়ালি, কুমায়ুন, দোগ্রা, মারাঠি এবং অরুণাচলপ্রদেশ, মণিপুরী, ত্রিপুরা, মিজোরাম ইত্যাদি এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ১৬৫, তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬২.৫) সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ (গোর্খা, গাড়োয়ালি, কুমায়ুন, দোগ্রা, মারাঠি এবং অরুণাচলপ্রদেশ, মণিপুরী, ত্রিপুরা, মিজোরাম ইত্যাদি এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ৭৮ ও ৮৩, তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ৭৬ ও ৮১) সেমি। মহিলাদের ক্ষেত্রে ১৫৭ (গোর্খা, গাড়োয়ালি, কুমায়ুন, দোগ্রা, মারাঠি এবং অরুণাচলপ্রদেশ, মণিপুরী, ত্রিপুরা, মিজোরাম ইত্যাদি এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ১৫৫, তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৫০) সেমি। হেড কনস্টেবল (ভেটেরিনারি) পদের পুরুষদের ক্ষেত্রে উচ্চতায় অন্তত ১৭০ (গোর্খা, গাড়োয়ালি, কুমায়ুন, দোগ্রা, মারাঠি এবং অরুণাচলপ্রদেশ, মণিপুরী, ত্রিপুরা, মিজোরাম ইত্যাদি এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ১৬৫, তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬২.৫) সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ (গোর্খা, গাড়োয়ালি, কুমায়ুন, দোগ্রা, মারাঠি এবং অরুণাচলপ্রদেশ, মণিপুরী, ত্রিপুরা, মিজোরাম ইত্যাদি এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ৭৮ ও ৮৩, তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ৭৬ ও ৮১) সেমি। মহিলাদের ক্ষেত্রে ১৫৭ (গোর্খা, গাড়োয়ালি, কুমায়ুন, দোগ্রা, মারাঠি এবং অরুণাচলপ্রদেশ, মণিপুরী, ত্রিপুরা, মিজোরাম ইত্যাদি এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ১৫৫, তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৫০) সেমি।

প্রার্থীবাছাই হবে শারীরিক মাপজোকের পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা, কম্পিউটার বেসড লিখিত পরীক্ষা, নথিপত্র যাচাই এবং স্কিল টেস্টের মাধ্যমে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে হেড কনস্টেবল (ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট/ ফিজিওথেরাপি অ্যাসিস্ট্যান্ট) পদের পুরুষদের ক্ষেত্রে ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১.৬ কিমি দৌড় এবং মহিলাদের ক্ষেত্রে ৮ মিনিটে ৮০০ মিটার দৌড়। কনস্টেবল (নার্সিং অ্যাসিস্ট্যান্ট) পদের পুরুষদের ক্ষেত্রে থাকবে ২৪ মিনিটে ৪.৮ কিমি দৌড় এবং মহিলাদের ক্ষেত্রে থাকবে ১৮ মিনিটে ২.৪ কিমি দৌড়।

লিখিত পরীক্ষায় হেড কনস্টেবল (ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট/ ফিজিওথেরাপি অ্যাসিস্ট্যান্ট) পদের ক্ষেত্রে থাকবে দুটি পার্ট। প্রথম পার্টে থাকবে ৫০ নম্বরের জেনারেল নলেজ, ম্যাথমেটিক্স, রিজনিং, জেনারেল ইংলিশ/ জেনারেল হিন্দি বিষয়ের প্রশ্ন। দ্বিতীয় পার্টে থাকবে ১০০ নম্বরের টেকনিক্যাল বিষয়ের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ৩ ঘণ্টা। হেড কনস্টেবল (নার্সিং অ্যাসিস্ট্যান্ট কাম মেডিক) পদের ক্ষেত্রে থাকবে ১০০ নম্বরের জেনারেল নলেজ, ম্যাথমেটিক্স, রিজনিং অ্যান্ড জেনারেল ইংলিশ/ জেনারেল হিন্দি বিষয়ের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ২ ঘণ্টা। লিখিত পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। এতে সফলদের থেকে ক্যাটেগরিত অনুযায়ী ৩ গুণ প্রার্থীকে নথিপত্র যাচাই ও স্কিল টেস্টের জন্য ডাকা হবে। সবশেষে হবে ডাক্তারি পরীক্ষা। নথিপত্র যাচাইয়ের সময় জন্মতারিখের প্রমাণপত্র, যাবতীয় শিক্ষাগত যোগ্যতা, আইটিআই/ ভোকেশনাল সার্টিফিকেট, শারীরিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, জাতিগত শংসাপত্র সহ যাবতীয় প্রমাণপত্রের মূলগুলি ও সেগুলি স্বপ্রত্যয়িত জেরক্স সঙ্গে নিয়ে যাবেন।

আবেদন করবেন অনলাইনে www.ssbrectt.gov.in ওয়েবসাইটের মাধ্যমে, ১৯ এপ্রিলের মধ্যে। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি (৪ থেকে ১২ কেবি সাইজের মধ্যে), সই (৪ থেকে ১২ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। আবেদনের ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। অনলাইনে ফি জমা দেবেন ডেবিট/ ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। এছাড়া স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানের মাধ্যমেও ফি জমা করতে পারেন। তফশিলি, মহিলা ও প্রাক্তন সমরকর্মীদের এই ফি দিতে হবে না। অনলাইন/ অফলাইনে ফি জমা হয়ে গেলে রিসিপ্টগুলি নিজের কাছে রাখবেন। এবার সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর— 524/ RC/SSB/Combined Advt./CT to SI (Non-GD)/2025. আরও বিস্তারিত জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

## ৩২ ডিরেক্টর

*১ পাতার পর ..........*

শূন্যপদ ৩টি (অসং ২, তঃজাঃ ১)। চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট/ কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট পাশরা অথবা বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের মাস্টার ডিগ্রি পাশরা অথবা ম্যানেজমেন্ট বা ফিনান্সের সমতুল শাখার ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২০ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই। কোম্পানি সেক্রেটারি বা আইনের ডিগ্রি পাশ হলে ভাল। বয়স হতে হবে ৫২ বছরের মধ্যে। মাইনে ১,২০,০০০ - ২,৮০,০০০ টাকা।

জেনারেল ম্যানেজার (ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস-ইনভেস্টর রিলেশন্স)/ ই-৮ লেভেল: শূন্যপদ ২টি (অসং ১, ওবিসি ১)। চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট/ কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট পাশরা অথবা বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের মাস্টার ডিগ্রি পাশরা অথবা ম্যানেজমেন্ট বা ফিনান্সের সমতুল শাখার ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২০ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই। কোম্পানি সেক্রেটারি বা আইনের ডিগ্রি পাশ হলে ভাল। বয়স হতে হবে ৫২ বছরের মধ্যে। মাইনে ১,২০,০০০ - ২,৮০,০০০ টাকা।

চিফ ম্যানেজার (ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস)/ ই-৫ লেভেল: শূন্যপদ ৩টি (অসং ২, ওবিসি ১)। চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট/ কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট পাশরা অথবা বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের মাস্টার ডিগ্রি পাশরা অথবা ম্যানেজমেন্ট বা ফিনান্সের সমতুল শাখার ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে

*........ এরপর ৫ পাতায়*

https://kaajcareer.in

## ৩২ ডিরেক্টর

*৪ পাতার পর ..........*

১১ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই। কোম্পানি সেক্রেটারি বা আইনের ডিগ্রি পাশ হলে ভাল। বয়স হতে হবে ৪২ বছরের মধ্যে। মাইনে ৮০,০০০ - ২,২০,০০০ টাকা।

জেনারেল ম্যানেজার (প্রোজেক্ট)/ ই-৮ লেভেল: শূন্যপদ ৫টি (অসং ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ১)। বি ই/ বি টেক/ বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি পাশরা সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২০ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। আইনের ব্যাচেলর ডিগ্রি বা এম টেক/ এমবিএ বা ফিনান্স/ এনভায়রমেন্ট ডিসিপ্লিন ম্যানেজমেন্টের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা পাশ হলে ভাল। বয়স হতে হবে ৫২ বছরের মধ্যে। মাইনে ১,২০,০০০ - ২,৮০,০০০ টাকা।

অ্যাডিশনাল জেনারেল ম্যানেজার (প্রোজেক্ট)/ ই-৭ লেভেল: শূন্যপদ ১টি (অসং)। বি ই/ বি টেক/ বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি পাশরা সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ১৭ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। আইনের ব্যাচেলর ডিগ্রি বা এম টেক/ এমবিএ বা ফিনান্স/ এনভায়রমেন্ট ডিসিপ্লিন ম্যানেজমেন্টের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা পাশ হলে ভাল। বয়স হতে হবে ৪৮ বছরের মধ্যে। মাইনে ১,০০,০০০ - ২,৬০,০০০ টাকা।

ডেপুটি জেনারেল ম্যানেজার (প্রোজেক্ট)/ ই-৬ লেভেল: শূন্যপদ ২টি (অসং ১, ওবিসি ১)। বি ই/ বি টেক/ বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি পাশরা সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ১৪ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। আইনের ব্যাচেলর ডিগ্রি বা এম টেক/ এমবিএ বা ফিনান্স/ এনভায়রমেন্ট ডিসিপ্লিন ম্যানেজমেন্টের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা পাশ হলে ভাল। বয়স হতে হবে ৪৫বছরের মধ্যে। মাইনে ৯০,০০০ - ২,৪০,০০০ টাকা।

চিফ ম্যানেজার (প্রোজেক্ট)/ ই-৫ লেভেল: শূন্যপদ ২টি (অসং ১, তঃজাঃ ১)। বি ই/ বি টেক/ বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি পাশরা সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ১১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। আইনের ব্যাচেলর ডিগ্রি বা এম টেক/ এমবিএ বা ফিনান্স/ এনভায়রমেন্ট ডিসিপ্লিন ম্যানেজমেন্টের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা পাশ হলে ভাল। বয়স হতে হবে ৪২ বছরের মধ্যে। মাইনে ৮০,০০০ - ২,২০,০০০ টাকা।

এক্সিকিউটিভ ডিরেক্টর (কোম্পানি সেক্রেটারি)/ ই-৯ লেভেল: শূন্যপদ ১টি (অসং)। ইনস্টিটিউট অফ কোম্পানি সেক্রেটারিজ অফ ইন্ডিয়ার অ্যাসোসিয়েট মেম্বার হলে আবেদন করতে পারেন। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২৩ বছরের অভিজ্ঞতা থাকা চাই। বয়স হতে হবে ৫৫ বছরের মধ্যে। মাইনে ১,৫০,০০০ - ৩,০০,০০০ টাকা।

ম্যানেজার (ল)/ ই-৩ লেভেল: শূন্যপদ ৩টি (অসং ২, ওবিসি ১)। গ্র্যাজুয়েট ডিগ্রি পাশরা সঙ্গে ৩ বছরের আইনের ব্যাচেলর ডিগ্রি পাশ হলে অথবা ৫ বছরের ইন্টিগ্রেটেড ল কোর্স পাশ করে থাকলে আবেদন করতে পারেন। এলএলএম ডিগ্রি পাশ হলে ভাল। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। মাইনে ৬০,০০০ - ১,৮০,০০০ টাকা।

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (বিজনেস ডেভেলপমেন্ট)/ ই-১ লেভেল: শূন্যপদ ২টি (অসং)। বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের মাস্টার ডিগ্রি পাশরা অথবা মার্কেটিং/ সমতুল ম্যানেজমেন্টের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকা চাই। বি ই/ বি টেক/ বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি পাশ হলে ভাল। বয়স হতে হবে ৩৩ বছরের মধ্যে। মাইনে ৪০,০০০ - ১,৪০,০০০ টাকা।

অফিসার-জেনারেল/ ই-০ লেভেল: শূন্যপদ ৮টি (অসং ৫ এবং এরমধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, তঃজাঃ ১, ওবিসি ২)। যে কোনও শাখার গ্র্যাজুয়েট ডিগ্রি পাশরা ২ বছরের পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ হলে আবেদন করতে পারেন। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ১০ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই। বয়স হতে হবে ৫০ বছরের মধ্যে। মাইনে ৩০,০০০ - ১,২০,০০০ টাকা।

সবক্ষেত্রেই বয়সের হিসেব করতে হবে ৩-৪-২০২৬ তারিখের হিসেবে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা ১০ (তফশিলি হলে ১৫, ওবিসি হলে ১৩) বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

প্রার্থীবাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। এরপর হবে নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষা। নথিপত্র যাচাইয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূলগুলি সঙ্গে নিয়ে যাবেন।

আবেদন করবেন অনলাইনে https://www.ireda.in/ ওয়েবসাইটের মাধ্যমে, ৩ এপ্রিলের মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি, সই সহ অন্যান্য নথিপত্র ওয়েবসাইটে দেওয়া নির্দেশ অনুযায়ী স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। আবেদনের ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা। ফি জমা দেবেন নেট ব্যাঙ্কিং/ ক্রেডিট কার্ড/ ডেবিট কার্ডের মাধ্যমে। অনলাইনে ফি জমা হয়ে গেলে ই-রিসিপ্টের প্রিন্ট নিয়ে নেবেন। তফশিলি, শারীরিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মীদের এই ফি দিতে হবে না। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং: IREDA/RECRUITMENT/HR/01/2026. আরও বিস্তারিত জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

## আইডিআই ব্যাঙ্কে ৩৩

*১ পাতার পর ..........*

গ্রেড 'ডি': ৫টি। ০১.০৩.২০২৬ তারিখের হিসেবে বয়স হতে হবে ৩৫ থেকে ৪৫ বছরের মধ্যে। মাইনে ১,০২,৩০০ - ১,২০,৯৪০ টাকা। মেট্রো সিটিতে মোট প্রায় ১,৯৭,০০০ টাকা। অ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার (এজিএম)-গ্রেড 'সি': ১১টি। ০১.০৩.২০২৬ তারিখের হিসেবে বয়স হতে হবে ২৮ থেকে ৪০ বছরের মধ্যে। মাইনে ৮৫,৯২০ - ১,০৫,২৮০ টাকা। মেট্রো সিটিতে মোট প্রায় ১,৬৮,০০০ টাকা। ম্যানেজার - গ্রেড 'বি': ৯টি। ০১.০৩.২০২৬ তারিখের হিসেবে বয়স হতে হবে ২৫ থেকে ৩৫ বছরের মধ্যে। মাইনে ৬৪,৮২০ - ৯৩,৯৬০ টাকা। মেট্রো সিটিতে মোট প্রায় ১,২৪,০০০ টাকা। জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার - সিকিউরিটি অফিসার - গ্রেড 'O': ৮টি। ০১.০৩.২০২৬ তারিখের হিসেবে (সমস্ত ছাড় নিয়ে) বয়স হতে হবে ৫০ বছরের মধ্যে। যোগদানের সময়, ‘কস্ট টু কোম্পানি’ -র ভিত্তিতে মাইনে (ক্লাস 'এ' শহরের জন্য) ৬.১৪ লক্ষ থেকে ৬.৫০ লক্ষ টাকার মধ্যে। সব পদের ক্ষেত্রেই সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় আছে।

শূন্যপদ ও শিক্ষাগত যোগ্যতা:- ক) অডিট-ইনফর্মেশন সিস্টেম (আইএস) (গ্রেড-সি): মোট শূন্যপদ ২টি। ইনফর্মেশন টেকনোলজি/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন্স/ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রনিক্স/ কম্পিউটার সায়েন্স/ ডিজিটাল ব্যাঙ্কিং -এর একটির বি.ই./ বি.টেক. ডিগ্রিধারী হলে অথবা বিসিএ/ বি.এসসি. (আইটি/ কম্পিউটা সায়েন্স) হলে অথবা বৈধ সিআইএসএ সহ যে কোনও শাখার গ্র্যাজুয়েট হলে অথবা এম.এসসি. (আইটি/ কম্পিউটার সায়েন্স)/

*......... এরপর ৬ পাতায়*

# ইন্ডিয়া ইনফ্রাস্ট্রাকচারে ৩৭ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (গ্রেড-এ) (বিজ্ঞপ্তি নং IIFCL/ HCM/2026/04.) এবং ম্যানেজার (গ্রেড-বি) (বিজ্ঞপ্তি নং IIFCL/ HCM/2026/03.) পদে ৩৭ জনকে নিচ্ছে, ভারত সরকারের অন্যতম প্রতিষ্ঠান, ইন্ডিয়া ইনফ্রাস্ট্রাকচার ফাইন্যান্স কোম্পানি লিমিটেডে (IIFCL)। নিয়োগ হবে জেনারেলিস্ট এবং এনভায়রণমেন্ট ও সোশ্যাল সেফগার্ড শাখাগুলিতে। রেগুলার পদে নিয়োগ হবে সরাসরি। নীচের মতো যোগ্যতার ভারতীয়রা আবেদন করতে পারেন। প্রথমে ২ বছরের প্রবেশন। যা বেড়ে মোট ৪ বছর হতে পারে।

আইআইএফসিএল অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (গ্রেড-এ): শূন্যপদ ৩৩টি (অসং ১১, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ২, ওবিসি (এনসিএল) ৬, আর্থিকভাবে কমজোর প্রার্থী ৬ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ৫)। আইআইএফসিএল ম্যানেজার (গ্রেড-বি): শূন্যপদ ৪টি (অসং ২, তঃজাঃ ১, আর্থিকভাবে কমজোর প্রার্থী ১)।

উভয়পদের জেনারেলিস্ট শাখার প্রার্থীদের যে কোনও শাখার পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমাধারী হতে হবে। অথবা এলএলবি/ বিএ +এলএলবি, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট (সিএ), কোম্পানি সেক্রেটারি (সিএস), সিএমএ/ আইসিডব্লিউএ, বি.টেক./ বি.ই. ডিগ্রিধারী হতে হবে। সঙ্গে ব্যাঙ্কস/ ফিনান্সিয়াল অফিসার ক্যাডার অভিজ্ঞতা থাকা চাই।

এনভায়রণমেন্টাল ও সোশ্যাল সেফগার্ড শাখার প্রার্থীদের এনভায়রণমেন্টাল ম্যানেজমেন্ট, এনভায়রণমেন্টাল সায়েন্সেস, এম.এসসি. ইঞ্জিনিয়ারিং বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমাধারী হতে হবে। অথবা সোশ্যাল ওয়ার্ক, সোসিওলজি, অ্যানথ্রপলজি, ইকনমিক্স ডেভেলপমেন্ট সার্ভিসেস, ইত্যাদির পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রিধারী হতে হবে। সঙ্গে এনভায়রণমেন্ট অ্যান্ড সোশ্যাল ইমপ্যাক্ট অ্যাসেসমেন্ট অ্যান্ড সেফগার্ডসে সুনির্দিষ্ট শিক্ষাগত 'যোগ্যতা-পরবর্তী' অভিজ্ঞতা থাকতে হবে।

গ্রেড-এ পদের ক্ষেত্রে অন্তত ২ বছরের অফিসার ক্যাডার অভিজ্ঞতা থাকা চাই। গ্রেড-বি বা সমতুল গ্রেডের পদের ক্ষেত্রে অন্য ফিনান্সিয়াল ইনস্টিটিউশন/ ব্যাঙ্ক/ পিএসইউ -তে সর্বমোট ৭ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই।

ইউজিসি/ এআইসিটিই/ সরকার স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট থেকে সমস্ত শিক্ষাগত যোগ্যতা অর্জন করে থাকতে হবে। এছাড়া শক্তিশালী কমিউনিকেশন, অ্যানালিটিক্যাল, ড্রাফটিং এবং কম্পিউটার/ আইটি দক্ষতা থাকা চাই।

গ্রেড-এ অফিসারদের ক্ষেত্রে- ২৮ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখের হিসেবে বয়স হতে হবে ২১ (পূর্ণ) বছর থেকে ৩০ বছরের মধ্যে। মাইনে ৪৪,৫০০ - ৮৯,১৫০ টাকা। সঙ্গে ডিএ, (বেসিক পে-র ১৫%) বাড়ি ভাড়া ভাতা সহ অন্যান্য ভাতা ও সুযোগ-সুবিধা। বেসিক পে ৪৪,৫০০ টাকা। গ্রেড-বি অফিসারদের ক্ষেত্রে- ২৮ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখের হিসেবে বয়স ৪০ বছরের কম (৪০ বছর পূর্ণ হলে আবেদন করা যাবে না)। মাইনে ৫২,২০০ - ৯৯,৭৫০ টাকা। সঙ্গে ডিএ, (বেসিক পে-র ১৫%) বাড়ি ভাড়া ভাতা সহ অন্যান্য ভাতা ও সুযোগ-সুবিধা। বেসিক পে ৫৫,২০০ টাকা।

উভয় পদের ক্ষেত্রে প্রার্থীবাছাই হবে ২টি পর্যায়ে অনলাইন পরীক্ষা এবং পরবর্তীতে কারিগরি ও আচরণগত সাক্ষাৎকারের মাধ্যমে। ২০০ নম্বরের প্রথম পর্যায়ের অবজেক্টিভ টাইপ অনলাইন পরীক্ষায় ২টি টেস্ট হবে। ১০০ নম্বরের টেস্ট-I (থাকবে- রিজনিং, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, ইংলিশ ল্যাঙ্গোয়েজ, ফিনান্সিয়াল সেক্টরে কারেন্ট অ্যাফেয়ার -এর প্রশ্ন)। ১০০ নম্বরের টেস্ট-II (থাকবে- ডোমেইন নলেজের প্রশ্ন)। ১২০ মিনিটের পরীক্ষায় থাকবে ১৫০টি প্রশ্ন। প্রতিটি ভুল উত্তরের জন্য কাটা যাবে ১/৪ নম্বর। প্রথম পর্যায়ে সফল প্রার্থীদের ১০০ নম্বরের দ্বিতীয় পর্যায়ে হবে সাক্ষাৎকার (ইন্টারভিউ)। সংস্থার নতুন দিল্লির অফিসে সাক্ষাৎকার হবে হিন্দি এবং ইংরিজিতে। চূড়ান্ত মেধাতালিকা প্রস্তুত হবে প্রথম পর্যায় এবং দ্বিতীয় পর্যায়ের ফলাফলের ভিত্তিতে। ওয়েটেজ ৪০:৬০। প্রয়োজনে এরসাথে গ্রুপ ডিসকাশন, সাইকোমেট্রিক টেস্ট, ইত্যাদি হতে পারে। অনলাইন পরীক্ষা হতে পারে ২০২৬-এর মে/ জুন মাসে। সাক্ষাৎকার (ইন্টারভিউ) হতে পারে ২০২৬-এর জুন/ জুলাই মাসে।

দুটি পদের ক্ষেত্রেই পরীক্ষার ফি এবং ইন্টিমেশন চার্জ যথাক্রমে ৫০০ টাকা ও ১০০ টাকা। অসংরক্ষিত/ ওবিসি/ ইডব্লিউএস এবং অন্যান্য ক্যাটেগরির প্রার্থীদের দিতে হবে মোট ৬০০ টাকা। তফশিলি/ প্রতিবন্ধী প্রার্থীদের দিতে হবে (কেবল ইন্টিমেশন চার্জ) ১০০

*......... এরপর ৭ পাতায়*

https://kaajcareer.in

## ৮৬ রেসিডেন্ট কর্মচারী

*৫ পাতার পর ..........*

এমসিএ/ এম.টেক./ এম.ই. হলে আবেদন করতে পারেন। অফিসার লেভেলে ৭ বছরের বিএফএসআই/ আইটি/ ইনফর্মেশন সিকিউরিটি কনসালটেন্সির অভিজ্ঞতা থাকা চাই। যারমধ্যে ৪ বছরের অভিজ্ঞতা থাকতে হবে আইএস অডিট/ সাইবার সিকিউরিটি অডিট/ ইনফর্মেশন সিকিউরিটি কনসালটেন্সির।

খ) রিস্ক ম্যানেজমেন্ট - ইনফর্মেশন সিকিউরিটি (গ্রেড সি অ্যান্ড বি): মোট শূন্যপদ ৪টি। কম্পিউটার সায়েন্স/ আইটি/ আইসিটি/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন্স/ ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল -এর একটির বি.ই./ বি.টেক. ডিগ্রিধারী হলে অথবা বিসিএ/ বি.এসসি. (আইটি/ কম্পিউটা সায়েন্স) হলে অথবা এমসিএ/ এম.এসসি. (আইটি/ কম্পিউটার সায়েন্স) হলে আবেদন করতে পারেন। গ্রেড সি -র জন্য থাকা প্রয়োজন ৭ বছরের (যারমধ্যে- ইনফর্মেশন সিকিউরিটি/ সাইবার সিকিউরিটিতে ৪ বছরের) অভিজ্ঞতা। গ্রেড বি -র জন্য থাকা প্রয়োজন আইটি/ বিএফএসআই/ ফিন টেক/ কর্পোরেট এন্টিটি/ ইনফর্মেশন সিকিউরিটি/ সাইবার সিকিউরিটি -তে ৪ বছরের (যারমধ্যে- ইনফর্মেশন সিকিউরিটি/ সাইবার সিকিউরিটিতে ২ বছরের) অভিজ্ঞতা।

গ) আইটি অ্যান্ড এমআইএস (গ্রেড ডি/ বি/ সি): মোট শূন্যপদ ১৯টি। কম্পিউটার সায়েন্স/ আইটি/ ইলেক্ট্রনিক্স/ ইসেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন্স/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন্স/ আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স/ মেশিন লার্নিং/ ক্লাউড কম্পিউটিং/ ডেটা সায়েন্স/ ডেটা ইঞ্জিনিয়ারিং বা সমতুল ডিসিপ্লিনের গ্র্যাজুয়েট হলে অথবা অন্তত ৬০ শতাংশ নম্বর নিয়ে পাশ করা এমসিএ/ সমতল পাশ হলে এবং ওসিপি, ডেটা অ্যানালিস্টিক, এসএএস, পাইথন, প্রজেক্ট ম্যানেজমেন্ট, ডিজিটাল ব্যাঙ্কিং, নেটওয়ার্ক, ইত্যাদির সার্টিফিকেশন থাকলে আবেদন করতে পারেন। গ্রেড-ডি -র ক্ষেত্রে ১০ বছরের, গ্রেড সি -এর ক্ষেত্রে ৭ বছরের এবং গ্রেড বি -এর ক্ষেত্রে ৪ বছরের সংশ্লিষ্ট অভিজ্ঞতা থাকা চাই।

ঘ) সিকিউরিটি অফিসার - জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (গ্রেড O): মোট শূন্যপদ ৮টি। উচ্চমাধ্যমিক/ ডিপ্লোমা/ সমতুল পাশ হতে হবে। কম্পিউটারে প্রাথমিক দক্ষতা থাকলে ভাল। জুনিয়র কমিশন্ড অফিসার হিসেবে ইন্ডিয়ান আর্মি/ ইন্ডিয়ান নেভি/ ইন্ডিয়ান এয়ার ফোর্সে ১৫ বছর রেগুলার (পুরো সময়ের) সার্ভিস করে থাকতে হবে এবং অবসর গ্রহণের সময়, ডিসচার্জ বুকে 'অনুকরণীয় চরিত্র' লেখা থাকতে হবে। প্রার্থীদের চিকিৎসাগতভাবে সুস্থ হতে হবে।

দ্য আইডিবিআই স্পেশ্যালিস্ট অফিসার রিক্রুটমন্ট ২০২৬-২৭ -এর জন্য প্রার্থীবাছাই হবে প্রথমে (বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, ইত্যাদির ভিত্তিতে) দরখাস্ত বাছাই এবং পরবর্তীতে ব্যাঙ্কের সিদ্ধান্ত অনুযায়ী পরীক্ষা/ ইন্টারভিউ/ গ্রুপ প্রসেস এবং পরবর্তীতে প্রমাণপত্র যাচাইয়ের মাধ্যমে। চূড়ান্ত বাছাই হবে সফল প্রমাণপত্র যাচাই এবং যাবতীয় যোগ্যতার ভিত্তিতে। আবেদনের ফি দিতে হবে অনলাইনে ৮ এপ্রিল, ২০২৬ তারিখের মধ্যে।

আবেদন করবেন অনলাইনে https://www.idbi.bank.in/ ওয়েবসাইটের মাধ্যমে, ৮ এপ্রিল, ২০২৬ তারিখের মধ্যে। বিজ্ঞপ্তি নং 08/2025-26. আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

## ৪৬ অ্যাসিস্ট্যান্ট, হিন্দি

*১ পাতার পর ..........*

গ্র্যাজুয়েট মেডিক্যাল ডিগ্রিধারী হতে হবে। সঙ্গে ডিগ্রি অর্জনের পর অন্তত ৫ বছরের সংশ্লিষ্ট অভিজ্ঞতা থাকা চাই। নন-মেডিক্যাল প্রার্থীদের:- অন্তত ৬০ শতাংশ নম্বর নিয়ে পাশ করা মাইক্রোবায়োলজি/ ক্লিনিক্যাল মাইক্রোবায়োলজি/ বায়ো-টেকনোলজি/ বায়োইনফর্মেটিক্স/ বায়োকেমিস্ট্রি/ ব্যাক্টেরিওলজি/ ফিজিওলজি/ ফার্মাকোলজি/ সেরোলজি/ মলিকিউলার বায়োলজি -এর একটির মাস্টার্স ডিগ্রিধারী হতে হবে। সঙ্গে নির্ধারিত বিষয়গুলিতে অন্তত ৭ বছরের সংশ্লিষ্ট অভিজ্ঞতা থাকা চাই। অথবা ওপরে বলা অন্যতম নির্ধারিত বিষয়ে পিএইচ.ডি. ডিগ্রিধারী হতে হবে এবং পিএইচ. ডি. -র প্র অন্তত ৩ বছরের সংশ্লিষ্ট অভিজ্ঞতা থাকতে হবে। বাঞ্ছনীয় যোগ্যতা সম্পর্কে তথ্য পাবেন ওয়েবসাইটে। ৮ এপ্রিল, ২০২৬ তারিখের হিসেবে বয়স হতে হবে ৪৫ বছরের মধ্যে। মাইনে পে ম্যাট্রিক্স লেভেল ১২ অনুযায়ী ৭৮,৮০০ - ২,০৯,২০০ টাকা। সঙ্গে মেডিক্যাল পার্সোনেলদের জন্য (NPA) ভাতা। প্রার্থিবাছাই হবে কম্পিউটার বেসড টেস্ট (সিবিটি) (অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন, নেগেটিভ মার্কিং আছে), পার্সোনাল ডিসকাশনের মাধ্যমে। সিবিটি-তে সফলদের থেকে শূন্যপদের ১০ গুণ প্রার্থীকে পার্সোনাল ডিসকাশনে ডাকা হবে।

সায়েন্টিস্ট গ্রেড-III (ভেটেরিনারিয়ান): শূন্যপদ ১টি (অসং)। ভেটেরিনারি মেডিসিন/ ভেটেরিনারি পাবলিক হেলথ/ ভেটেরিনারি মাইক্রোবায়োলজি/ ভেটেরিনারি প্যাথোলজি/ ভেটেরিনারি এপিডেমিওলজি -এর একটির এম.ভি.সায়েন্স. ডিগ্রিধারী হতে হবে। সঙ্গে সংশ্লিষ্ট কর্মক্ষেত্র এবং ল্যাবরেটরিতে ভেটেরিনারি প্র্যাক্টিসে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকা চাই। ভেটেরিনারি সায়েন্সের মাস্টার্স ডিগ্রিধারী অথবা জেনেটিক্সে ডিপ্লোমাধারী হলে ভাল।৮ এপ্রিল, ২০২৬ তারিখের হিসেবে বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। মাইনে পে ম্যাট্রিক্স লেভেল ১০ অনুযায়ী ৫৬,১০০ - ১,৭৭,৫০০ টাকা। সঙ্গে ভেটেরিনারি পার্সোনেলদের জন্য (NPA) ভাতা। প্রার্থিবাছাই হবে কম্পিউটার বেসড টেস্ট (সিবিটি) (অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন, নেগেটিভ মার্কিং আছে), পার্সোনাল ডিসকাশনের মাধ্যমে। সিবিটি-তে সফলদের থেকে শূন্যপদের ১০ গুণ প্রার্থীকে পার্সোনাল ডিসকাশনে ডাকা হবে।

জুনিয়র সায়েন্টিস্ট: শূন্যপদ ১২টি (অসং ৩, তঃজাঃ ২, ওবিসি ৫, আর্থিকভাবে কমজোর প্রার্থী ২ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ১)। মাইক্রোবায়োলজি/ ক্লিনিক্যাল মাইক্রোবায়োলজি/ বায়ো-টেকনোলজি/ বায়োইনফর্মেটিক্স/ বায়োকেমিস্ট্রি/ ব্যাক্টেরিওলজি/ ফার্মাকোলজি/ সেরোলজি/ মলিকিউলার বায়োলজি/ ফিজিওলজি -এর একটির স্বীকৃত মাস্টার্স ডিগ্রিধারী হতে হবে। সঙ্গে নির্ধারিত বিষয়/ এরিয়াগুলিতে অন্তত ১ বছরের সংশ্লিষ্ট অভিজ্ঞতা থাকা চাই। বাঞ্ছনীয় যোগ্যতা সম্পর্কে তথ্য পাবেন ওয়েবসাইটে। ৮ এপ্রিল, ২০২৬ তারিখের হিসেবে বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মাইনে পে ম্যাট্রিক্স লেভেল ৭ অনুযায়ী ৪৪,৯০০ - ১,৪২,৪০০ টাকা। প্রার্থিবাছাই হবে কম্পিউটার বেসড টেস্ট (সিবিটি) (অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্নে) -র মাধ্যমে। মেধাতালিকা প্রস্তুত করা হবে সিবিটি -র নম্বরের ভিত্তিতে।

অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট: শূন্যপদ ১টি (অসং)। অন্তত ৫০ শতাশ নম্বর নিয়ে পাশ করা আর্টস/ কমার্স/ সায়েন্স - স্বীকৃত গ্র্যাজুয়েট হতে হবেষ সঙ্গে সরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থায় অ্যাডমিনিস্ট্রেশন/ স্টোরস/ অ্যাকাউন্টসে ৫ বছরের সংশ্লিষ্ট অভিজ্ঞতা থাকা চাই। কম্পিউটার/ আইটি -র ডিপ্লোমাধারী হলে ভাল। ৮ এপ্রিল, ২০২৬ তারিখের হিসেবে বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মাইনে পে ম্যাট্রিক্স লেভেল ৬ অনুযায়ী ৩৫,৪০০ - ১,১২,৪০০ টাকা। প্রার্থিবাছাই হবে কম্পিউটার বেসড টেস্ট (সিবিটি) (অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন, নেগেটিভ মার্কিং আছে) -র মাধ্যমে। সিবিটি-তে সফলদের থেকে শূন্যপদের ৫ গুণ প্রার্থীকে স্কিল টেস্টে ডাকা হবে।

জুনিয়র হিন্দি ট্রান্সলেটর: শূন্যপদ ১টি (অসং)। ডিগ্রি স্তরে ইংরেজি একটি আবশ্যিক বা ঐচ্ছিক বিষয় হিসেবে নিয়ে অথবা পরীক্ষার মাধ্যম হিসেবে নিয়ে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে পাশ করা হিন্দির স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। অথবা ডিগ্রি স্তরে হিন্দি একটি আবশ্যিক বা ঐচ্ছিক বিষয় হিসেবে নিয়ে অথবা পরীক্ষার মাধ্যম হিসেবে নিয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে পাশ করা ইংরেজির স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। অথবা ডিগ্রি স্তরে শিক্ষার মাধ্যম হিসেবে হিন্দি এবং আবশ্যিক বা ঐচ্ছিক বিষয় হিসেবে কিংবা পরীক্ষার মাধ্যম হিসেবে ইংরেজি নিয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে হিন্দি বা ইংরেজি ছাড়া অন্য যে কোনও বিষয়ের স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। অথবা ডিগ্রি স্তরে শিক্ষার মাধ্যম হিসেবে ইংরেজি এবংআবশ্যিক বা ঐচ্ছিক বিষয় হিসেবে হিন্দি অথবা পরীক্ষার মাধ্যম হিসেবে হিন্দি নিয়ে স্বীকৃত কোনও বিশ্ববিদ্যালয় থেকে হিন্দি বা ইংরেজি ছাড়া অন্য যে কোনও বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। অথবা ডিগ্রি স্তরে হিন্দি ও ইংরেজি—উভয়ই আবশ্যিক বা ঐচ্ছিক বিষয় নিয়ে কিংবা দুটির যে কোনও একটি পরীক্ষার মাধ্যম এবং অপরটি আবশ্যিক বা ঐচ্ছিক বিষয় হিসেবে নিয়ে স্বীকৃত কোনও বিশ্ববিদ্যালয় থেকে হিন্দি বা ইংরেজি ছাড়া অন্য যে কোনও বিষয়ের স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। আর ওপরের যে কোনও একটি শিক্ষাগত যোগ্যতার সঙ্গে হিন্দি থেকে ইংরেজিতে এবং ইংরিজি থেকে হিন্দিতে অনুবাদের স্বীকৃত ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। অথবা কেন্দ্রীয় বা রাজ্য সরকারি দপ্তরে (ভারত সরকারের অধীনস্থ সংস্থাগুলোসহ) হিন্দি থেকে ইংরেজিতে এবং ইংরিজি থেকে হিন্দিতে অনুবাদের কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ৮ এপ্রিল, ২০২৬ তারিখের হিসেবে বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মাইনে পে ম্যাট্রিক্স লেভেল ৬ অনুযায়ী ৩৫,৪০০ - ১,১২,৪০০ টাকা। প্রার্থিবাছাই হবে ২টি (পেপার-I এবং পেপার-II) পেপারে উন্মুক্ত প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে। পেপার-I: কম্পিউটার বেসড টেস্ট (অবজেক্টিভ মাল্টিপল চয়েস প্রশ্ন, নেগেটিভ মার্কিং আছে)। প্রশ্ন হবে ইংরিজি এবং হিন্দিতে। অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে পেপার-I -এ সফল প্রার্থীদের পেপার-II (ডেসক্রিপটিভ) পরীক্ষা হবে। পেপার-II -তে দেখা হবে প্রার্থীর রাইটিং এবং ট্রান্সলেশন স্কিল। মেধাতালিকা প্রস্তুত করা হবে পেপার-II -এর নম্বরের ভিত্তিতে।

ল্যাবরেটরি টেকনিশিয়ান: শূন্যপদ ২৫টি (অসং ১০, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ওবিসি ৭, আর্থিকভাবে কমজোর প্রার্থী ২ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ১ ))। ক) কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে পাশ করা বায়োলজির (জুলজি এবং কেমিস্ট্রি সহ) ব্যাচেলর ডিগ্রিধারী হতে হবে। অথবা বি.এসসি. মাইক্রোবায়োলজি/ বি.এসসি. বায়োটেকনোলজি/ বি.এসসি. বায়োকেমিস্ট্রি/ বি.এসসি. মলিকুলার বায়োলজি ডিগ্রিধারী হতে হবে। সঙ্গে কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান থেকে পাশ করা 'মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি'-র ডিপ্লোমাধারী হতে হবে। অথবা মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজির ব্যাচেলর্স ডিগ্রিধারী হতে হবে। খ) কোনও মেডিকেল ল্যাবরেটরি বা গবেষণা প্রতিষ্ঠানে ১ বছরের প্র্যাক্টিক্যাল অভিজ্ঞতা থাকতে হবে। ৮ এপ্রিল, ২০২৬ তারিখের হিসেবে বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মাইনে পে ম্যাট্রিক্স লেভেল ৬ অনুযায়ী ৩৫,৪০০ - ১,১২,৪০০ টাকা। প্রার্থিবাছাই হবে কম্পিউটার বেসড টেস্ট (সিবিটি) (অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্নে) -র মাধ্যমে। মেধাতালিকা প্রস্তুত করা হবে সিবিটি -র নম্বরের ভিত্তিতে।

অ্যাসিস্ট্যান্ট-II: শূন্যপদ ২টি (অসং ১, আর্থিকভাবে কমজোর প্রার্থী ১)। ক) অন্তত ৫০ শতাংশ নম্বর নিয়ে পাশ করা আর্টস/ কমার্স/ সায়েন্স বিষয়ে উচ্চমাধ্যমিক/ সমতুল পাশ হতে হবে। সঙ্গে খ) কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে অন্তত ৩৫টি শব্দ অথবা হিন্দিতে মিনিটে অন্তত ৩০টি শব্দ টাইপের দক্ষতা থাকা চাই। যাঁরা স্নাতক ডিগ্রিধারী এবং সঙ্গে এইচআর/ এমএম/ অ্যাকাউন্টসের প্রোফেশনাল সার্টিফিকেট রয়েছে এবং কম্পিউটার সায়েন্স/ আইটি বিষয়ে দক্ষতা রয়েছে,তাঁরা অগ্রাধিকার পাবেন। ৮ এপ্রিল, ২০২৬ তারিখের হিসেবে বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মাইনে পে ম্যাট্রিক্স লেভেল ২ অনুযায়ী ১৯,৯০০ - ৬৩,২০০ টাকা।প্রার্থিবাছাই হবে কম্পিউটার বেসড টেস্ট (সিবিটি) (অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন, নেগেটিভ মার্কিং আছে) -র মাধ্যমে। সিবিটি-তে অন্তত ৬০ শতাংশ নম্বর পেতে হবে। মেধাতালিকা প্রস্তুত করা হবে সিবিটি-র নম্বরের ভিত্তিতে। মেধাতালিকা অনুযায়ী শূন্যপদের ৫ গুণ প্রার্থীকে স্কিল টেস্টে ডাকা হবে।

অনলাইন আবেদন করবেন https://nib.gov.in/career1.aspx অফিসিয়াল ওয়েবসাইটের মাধ্যমে, ৮ এপ্রিল, ২০২৬ তারিখের

*........ এরপর ৭ পাতায়*

## ৪৬ অ্যাসিস্ট্যান্ট, হিন্দি

৬ পাতার পর ..........

মধ্যে। কেন্দ্রীয় ও রাজ্য সরকার, স্বায়ত্তশাসিত সংস্থা এবং কেন্দ্রীয় ও রাজ্য সরকারি পাবলিক সেক্টর্স আন্ডারটেকিং/ সংস্থায় যথাযথ চ্যানেলের মাধ্যমে আবেদন করবেন। অনলাইন আবেদনের হার্ড কপি নীচের ঠিকানায় পৌঁছানো চাই ১৪ এপ্রিল, ২০২৬ তারিখ বিকেল সাড়ে ৫টার মধ্যে (নর্থ-ইস্টার্ন রিজিয়নের প্রার্থী হলে ২১ এপ্রিল,২০২৬ তারিখ বিকেল সাড়ে ৫টার মধ্যে)। সঙ্গে দিতে হবে স্ব-প্রত্যয়িত প্রশংসাপত্র, সার্টিফিকেটস/ শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র এবং অন্যান্য প্রয়োজনীয় প্রমাণপত্র। এসব খামে ভরে মুখ বন্ধ করে স্পীড পোস্ট/ রেজিস্টার্ড পোস্টে পাঠাতে হবে এই ঠিকানায়: “The Director, National Institute of Biologicals (Ministry of Health & Family Welfare) A-32, Sector-62, Institutional Area Noida U.P. 201 309”. খামের ওপর লিখতে হবে “Application for the post of ........”.(শূন্যস্থানে যে পদে আবেদন করছেন সেই পদের নাম লিখবেন)। আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

## ইন্ডিয়া ইনফ্রাস্ট্রাকচারে

৫ পাতার পর ..........

টাকা। অনলাইনে ফি দিতে হবে ১০ এপ্রিলের মধ্যে।

দুটি পদের জন্যেই অনলাইন রেজিস্ট্রেশন করবেন www.iifcl.in ওয়েবসাইটের 'কেরিয়ার' সেকশনে গিয়ে, ১০ এপ্রিল, ২০২৬ তারিখের মধ্যে। অফিসিয়াল ওয়েবসাইট www.iifcl.in। আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

## জাতীয় সড়ক উন্নয়নে

১ পাতার পর ..........

ইনস্টিটিউশনাল র‍্যাঙ্কিং ফ্রেমওয়ার্কে ১০০ পর্যন্ত র‍্যাঙ্কিং পেয়ে থাকলে আবেদন করতে পারেন।সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ০-২ বছরের, সিনিয়র অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ২-৯ বছরের ও কনসাল্ট্যান্ট পদের ক্ষেত্রে ৯-১৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই। বয়স হতে হবে ১১-৩-২০২৬ তারিখের হিসেবে অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে, সিনিয়র অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ৪০ বছরের মধ্যে ও কনসাল্ট্যান্ট পদের ক্ষেত্রে ৪৫ বছরের মধ্যে।

টেকনিক্যাল শাখায়: মোট শূন্যপদ ১০টি। এরমধ্যে থেকে অ্যাসোসিয়েট ৪টি, সিনিয়র অ্যাসোসিয়েট ৪টি, কনসাল্ট্যান্ট ২টি। স্বীকৃত আইআইটি/ এনআইটি থেকে স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং/ ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ারিং/ আন্ডার গ্রাউন্ড কনস্ট্রাকশন/ টানেল ইঞ্জিনিয়ারিংয়ে স্পেশ্যালাইজেশন সহ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের মাস্টার ডিগ্রি পাশরা অথবা জিওলজি/ জিও-টেকনিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের মাস্টার ডিগ্রি পাশরা ইঞ্জিনিয়ারিং ক্যাটেগরিতে সর্বশেষ ন্যাশনাল ইনস্টিটিউশনাল র‍্যাঙ্কিং ফ্রেমওয়ার্কে ১০০ পর্যন্ত র‍্যাঙ্কিং পেয়ে থাকলে আবেদন করতে পারেন।সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ০-২ বছরের, সিনিয়র অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ২-৯ বছরের ও কনসাল্ট্যান্ট পদের ক্ষেত্রে ৯-১৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই। বয়স হতে হবে ১১-৩-২০২৬ তারিখের হিসেবে অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে, সিনিয়র অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ৪০ বছরের মধ্যে ও কনসাল্ট্যান্ট পদের ক্ষেত্রে ৪৫ বছরের মধ্যে।

হিউম্যান রিসোর্স শাখায়: মোট শূন্যপদ ৪টি। এরমধ্যে থেকে অ্যাসোসিয়েট ২টি, সিনিয়র অ্যাসোসিয়েট ২টি। হিউম্যান রিসোর্সের এমবিএ ডিগ্রি পাশরা ম্যানেজমেন্ট ক্যাটেগরিতে সর্বশেষ ন্যাশনাল ইনস্টিটিউশনাল র‍্যাঙ্কিং ফ্রেমওয়ার্কে ১০০ পর্যন্ত র‍্যাঙ্কিং পেয়ে থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ০-২ বছরের, সিনিয়র অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ২-৯ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই। বয়স হতে হবে ১১-৩-২০২৬ তারিখের হিসেবে অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে, সিনিয়র অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ৪০ বছরের মধ্যে।

ফিনান্স শাখায়: মোট শূন্যপদ ৭টি। এরমধ্যে থেকে অ্যাসোসিয়েট ৪টি, সিনিয়র অ্যাসোসিয়েট ২টি, কনসাল্ট্যান্ট ১টি। কমার্সের ব্যাচেলর ডিগ্রি/ সিএ/ সিএমএ ডিগ্রি পাশরা অথবা ফিনান্সের ২ বছরের পুরো সময়ের এমবিএ ডিগ্রি পাশরা ম্যানেজমেন্ট ক্যাটেগরিতে সর্বশেষ ন্যাশনাল ইনস্টিটিউশনাল র‍্যাঙ্কিং ফ্রেমওয়ার্কে ১০০ পর্যন্ত র‍্যাঙ্কিং পেয়ে থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ০-২ বছরের, সিনিয়র অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ২-৯ বছরের ও কনসাল্ট্যান্ট পদের ক্ষেত্রে ৯-১৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই। বয়স হতে হবে ১১-৩-২০২৬ তারিখের হিসেবে অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে, সিনিয়র অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ৪০ বছরের মধ্যে ও কনসাল্ট্যান্ট পদের ক্ষেত্রে ৪৫ বছরের মধ্যে।

লিগাল শাখায়: মোট শূন্যপদ ৩টি। এরমধ্যে থেকে অ্যাসোসিয়েট ২টি, সিনিয়র অ্যাসোসিয়েট ১টি। ন্যাশনাল ল স্কুল থেকে এলএলবি/ এলএলএম অথবা আইনের গ্র্যাজুয়েট/ পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি পাশরা ম্যানেজমেন্ট ক্যাটেগরিতে সর্বশেষ ন্যাশনাল ইনস্টিটিউশনাল র‍্যাঙ্কিং ফ্রেমওয়ার্কে ৩০ পর্যন্ত র‍্যাঙ্কিং পেয়ে থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ০-২ বছরের, সিনিয়র অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ২-৯ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই। বয়স হতে হবে ১১-৩-২০২৬ তারিখের হিসেবে অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে, সিনিয়র অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ৪০ বছরের মধ্যে।

ইনফর্মেশন টেকনোলজি শাখায়: মোট শূন্যপদ ৩টি। এরমধ্যে থেকে অ্যাসোসিয়েট ২টি, সিনিয়র অ্যাসোসিয়েট ১টি। স্বীকৃত আইআইটি/ এনআইটি থেকে কম্পিউটার সায়েন্স/ ইনফর্মেশন টেকনোলজি/ নেটওয়ার্ক/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের বি ই/ বি টেক ডিগ্রি পাশরা অথবা সাইবার সিকিউরিটি/ নেটওয়ার্ক ম্যানেজমেন্টের এম টেক ডিগ্রি পাশরা অথবা বি টেক ডিগ্রি পাশরা এমবিএ পাশ করে থাকলে এবং ইঞ্জিনিয়ারিং/ ম্যানেজমেন্ট ক্যাটেগরিতে সর্বশেষ ন্যাশনাল ইনস্টিটিউশনাল র‍্যাঙ্কিং ফ্রেমওয়ার্কে ১০০ পর্যন্ত র‍্যাঙ্কিং পেয়ে থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ০-২ বছরের, সিনিয়র অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ২-৯ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই। বয়স হতে হবে ১১-৩-২০২৬ তারিখের হিসেবে অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে, সিনিয়র অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ৪০ বছরের মধ্যে।

মাইনে অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে মাসে ৭০,০০০ - ৮০,০০০ টাকা, সিনিয়র অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ৮০,০০০ - ১,৫০,০০০ টাকা এবং কনসাল্ট্যান্ট পদের ক্ষেত্রে ১,৫০,০০০ - ২,৭৫,০০০ টাকা। সঙ্গে অন্যান্য ভাতা ও সুযোগ-সুবিধা।

প্রার্থীবাছাই হবে লিখিত পরীক্ষা, পার্সোনাল ইন্টারভিউ ও গ্রুপ ডিসকাশনের মাধ্যমে। এরপর হবে নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষা। নথিপত্র যাচাইয়ে সময় প্রমাণপত্রের মূলগুলি সঙ্গে নিয়ে যাবেন।

আবেদন করবেন অনলাইনে https://www.nhidcl.com/ ওয়েবসাইটের মাধ্যমে, ১৪ এপ্রিলের মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি, সই ও অন্যান্য নথিপত্র স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। তখন পাবেন রেজিস্ট্রেশন আইডি ও পাসওয়ার্ড। এগুলি যত্ন করে লিখে রাখবেন। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং: 04/2026. আরও তথ্য পাবেন ওপরে বলা ওয়েবসাইটে।

# বিভিন্ন ডিসিপ্লিনে ৮২৭ কনস্টেবল সশস্ত্র সীমাবলে

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** কনস্টেবল পদে ৮২৭ জনকে নিচ্ছে সশস্ত্র সীমাবলে। এটি ভারতীয় প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ হবে ভেটেরিনারি, ড্রাইভার, গার্ডেনার, কবলার সহ বিভিন্ন ডিসিপ্লিনে। যে কোনও ভারতীয় নাগরিক নীচের মতো যোগ্যতা থাকলে আবেদন করতে পারেন। একজন প্রার্থী কেবলমাত্র একটি পদের জন্যই আবেদন করবেন।

**কনস্টেবল (ভেটেরিনারি):** মোট শূন্যপদ ৩৪টি (অসং ২১, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৪, ওবিসি ২, আর্থিকভাবে দুর্বল ১)। কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে বিজ্ঞান মূল বিষয় নিয়ে দশম শ্রেণি পাশরা কোনও ভেটেরিনারি হাসপাতালে বিভিন্ন প্রজাতির পশুদের চিকিৎসার কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে।

**কনস্টেবল (ড্রাইভার) কেবলমাত্র পুরুষ:** মোট শূন্যপদ ৫৫৩টি (অসং ২৪৪, তঃজাঃ ৮১, তঃউঃজাঃ ৩৮, ওবিসি ১৪৫, আর্থিকভাবে দুর্বল ৪৫)। কোনও স্বীকৃত বোর্ড থেকে দশম শ্রেণি পাশরা ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে।

**কনস্টেবল (গার্ডেনার):** মোট শূন্যপদ ৪১টি (অসং ১৮, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ওবিসি ৭, আর্থিকভাবে দুর্বল ৩)। কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা গার্ডেনিংয়ের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা মাধ্যমিক/ সমতুল পাশরা আইটিআই/ ভোকেশনাল প্রতিষ্ঠানে থেকে গার্ডেনিংয়ের ১ বছরের আইটিআই সার্টিফিকেটধারী এবং সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা স্বীকৃত আইটিআই থেকে ২ বছরের ডিপ্লোমাধারী হলে আবেদন করতে পারেন। এই পদের ক্ষেত্রে প্রার্থীদের ট্রেড টেস্টে পাশ করতে হবে। মাল্টি স্কিল প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে।

**কনস্টেবল (ওয়াটার ক্যারিয়ার):** মোট শূন্যপদ ৫টি (অসং)। কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা ওয়াটার ক্যারিয়ারের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা মাধ্যমিক/ সমতুল পাশরা আইটিআই/ ভোকেশনাল প্রতিষ্ঠানে থেকে ওয়াটার ক্যারিয়ার ট্রেডের ১ বছরের আইটিআই সার্টিফিকেটধারী এবং সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা স্বীকৃত আইটিআই থেকে ২ বছরের ডিপ্লোমাধারী হলে আবেদন করতে পারেন। এই পদের ক্ষেত্রে প্রার্থীদের ট্রেড টেস্টে পাশ করতে হবে। মাল্টি স্কিল প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে।

**কনস্টেবল (কবলার):** মোট শূন্যপদ ২৫টি (অসং ১৫, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ২, ওবিসি ১, আর্থিকভাবে দুর্বল ১)। কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক/ সমতুল

........ এরপর ৮ পাতায়

Domestic & International Courier Service
RUNNER EXPRESS
WORLD WIDE
ON TIME DELIVERY IS OUR MOTO
For more details Call our Toll Free No: 18008914133
Email: runnerex298@gmail.com

https://kaajcareer.in

## বিভিন্ন ডিসিপ্লিনে ৮২৭

*৭ পাতার পর ..........*

পাশ প্রার্থীরা কবলারের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা মাধ্যমিক/ সমতুল পাশরা আইটিআই/ ভোকেশনাল প্রতিষ্ঠানে থেকে কবলার ট্রেডের ১ বছরের আইটিআই সার্টিফিকেটধারী এবং সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা স্বীকৃত আইটিআই থেকে ২ বছরের ডিপ্লোমাধারী হলে আবেদন করতে পারেন। এই পদের ক্ষেত্রে প্রার্থীদের ট্রেড টেস্টে পাশ করতে হবে। মাল্টি স্কিল প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে।

**কনস্টেবল (টেইলর):** মোট শূন্যপদ ৪১টি (অসং ১৯, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ওবিসি ৬, আর্থিকভাবে দুর্বল ২)। কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা টেইলরের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা মাধ্যমিক/ সমতুল পাশরা আইটিআই/ ভোকেশনাল প্রতিষ্ঠানে থেকে টেইলর ট্রেডের ১ বছরের আইটিআই সার্টিফিকেটধারী এবং সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা স্বীকৃত আইটিআই থেকে ২ বছরের ডিপ্লোমাধারী হলে আবেদন করতে পারেন। এই পদের ক্ষেত্রে প্রার্থীদের ট্রেড টেস্টে পাশ করতে হবে। মাল্টি স্কিল প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে।

**কনস্টেবল (ওয়াশারম্যান):** মোট শূন্যপদ ৭৪টি (অসং ২৪৪, তঃজাঃ ৮১, তঃউঃজাঃ ৩৮, ওবিসি ১৪৫, আর্থিকভাবে দুর্বল ৪৫)। কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা ওয়াশারম্যানের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা মাধ্যমিক/ সমতুল পাশরা আইটিআই/ ভোকেশনাল প্রতিষ্ঠানে থেকেওয়াশারম্যান ট্রেডের ১ বছরের আইটিআই সার্টিফিকেটধারী এবং সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা স্বীকৃত আইটিআই থেকে ২ বছরের ডিপ্লোমাধারী হলে আবেদন করতে পারেন। এই পদের ক্ষেত্রে প্রার্থীদের ট্রেড টেস্টে পাশ করতে হবে। মাল্টি স্কিল প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে।

**কনস্টেবল (বার্বার):** মোট শূন্যপদ ৪৩টি (অসং ২১, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩, ওবিসি ১০, আর্থিকভাবে দুর্বল ৪)। কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা চুল কাটার কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা মাধ্যমিক/ সমতুল পাশরা আইটিআই/ ভোকেশনাল প্রতিষ্ঠানে থেকে বার্বার ট্রেডের ১ বছরের আইটিআই সার্টিফিকেটধারী এবং সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা স্বীকৃত আইটিআই থেকে ২ বছরের ডিপ্লোমাধারী হলে আবেদন করতে পারেন। এই পদের ক্ষেত্রে প্রার্থীদের ট্রেড টেস্টে পাশ করতে হবে। মাল্টি স্কিল প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে।

**কনস্টেবল (ওয়েটার):** মোট শূন্যপদ ৩টি (অসং)। কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা ওয়েটারের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা মাধ্যমিক/ সমতুল পাশরা আইটিআই/ ভোকেশনাল প্রতিষ্ঠানে থেকে ওয়েটার ট্রেডের ১ বছরের আইটিআই সার্টিফিকেটধারী এবং সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা স্বীকৃত আইটিআই থেকে ২ বছরের ডিপ্লোমাধারী হলে আবেদন করতে পারেন। এই পদের ক্ষেত্রে প্রার্থীদের ট্রেড টেস্টে পাশ করতে হবে। মাল্টি স্কিল প্রার্থীরা অগ্রাধিকার পাবেন।বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে।

**কনস্টেবল (কার্পেন্টার):** মোট শূন্যপদ ৭টি (অসং ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ১)। কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা কার্পেন্টারের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা মাধ্যমিক/ সমতুল পাশরা আইটিআই/ ভোকেশনাল প্রতিষ্ঠানে থেকে কার্পেন্টার ট্রেডের ১ বছরের আইটিআই সার্টিফিকেটধারী এবং সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা স্বীকৃত আইটিআই থেকে ২ বছরের ডিপ্লোমাধারী হলে আবেদন করতে পারেন। এই পদের ক্ষেত্রে প্রার্থীদের ট্রেড টেস্টে পাশ করতে হবে। মাল্টি স্কিল প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে।

**কনস্টেবল (নার্সিং আর্দালি):** মোট শূন্যপদ ১টি (অসং)। কোনও স্বীকৃত বোর্ড/ প্রতিষ্ঠান থেকে দশম শ্রেণি পাশ প্রার্থীরা সেন্ট জন্স অ্যাম্বুল্যান্স অর্গানাইজেশন/ রেড ক্রস সোসাইটি অফ ইন্ডিয়া থেকে ফার্স্ট এইড সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলে এবং অন্তত ৫০ শয্যাবিশিষ্ট কোনও হাসপাতাল/ প্রতিষ্ঠানে নার্সিং আর্দালি হিসেবে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে।

সবক্ষেত্রেই বয়স হতে হবে ১৯-৪-২০২৬ তারিখের হিসেবে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩ ও প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। মাইনে ২১,৭০০ - ৬৯,১০০ টাকা। সঙ্গে অন্যান্য ভাতা ও সুযোগ-সুবিধা।

শারীরিক মাপজোক হতে হবে— কনস্টেবল (ভেটেরিনারি) পদের পুরুষদের ক্ষেত্রে উচ্চতায় অন্তত ১৭০ (গোর্খা, গাড়োয়ালি, কুমায়ুন, দোগ্রা, মারাঠি এবং অরুণাচলপ্রদেশ, মণিপুরী, ত্রিপুরা, মিজোরাম ইত্যাদি এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ১৬৫, তফশিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫) সেমি, বুকের ছাতির মাপ না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (গোর্খা, গাড়োয়ালি, কুমায়ুন, দোগ্রা, মারাঠি এবং অরুণাচলপ্রদেশ, মণিপুরী, ত্রিপুরা, মিজোরাম ইত্যাদি এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ৭৮ ও ৮৩, তফশিলি উপজাতিদের ক্ষেত্রে ৭৬ ও ৮১) সেমি। মহিলাদের ক্ষেত্রে ১৫৭ (গোর্খা, গাড়োয়ালি, কুমায়ুন, দোগ্রা, মারাঠি এবং অরুণাচলপ্রদেশ, মণিপুরী, ত্রিপুরা, মিজোরাম ইত্যাদি এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ১৫৫, তফশিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫০) সেমি। কনস্টেবল (ড্রাইভার) পদের ক্ষেত্রে উচ্চতায় পুরুষদের ক্ষেত্রে অন্তত ১৭০ (গোর্খা, গাড়োয়ালি, কুমায়ুন, দোগ্রা, মারাঠি এবং অসম, হিমাচলপ্রদেশ, জম্মু-কাশ্মীর, লাদাখ ইত্যাদি এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ১৬৫, সিকিম, নাগাল্যান্ড, অরুণাচলপ্রদেশ, ত্রিপুরা ইত্যাদি এলাকার গোর্খাদের ক্ষেত্রে ১৬২.৫, সিকিম/ নাগাল্যান্ড/ অরুণাচলপ্রদেশ/ ত্রিপুরা সহ মাওবাদী অধ্যুষিত এলাকার তফশিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬০, অন্যান্য তফশিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫) সেমি, বুকের ছাতির মাপ না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (গোর্খা, গাড়োয়ালি, কুমায়ুন, দোগ্রা, মারাঠি এবং অসম, হিমাচলপ্রদেশ, জম্মু-কাশ্মীর, লাদাখ ইত্যাদি এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ৭৮ ও ৮৩, সিকিম, নাগাল্যান্ড, অরুণাচলপ্রদেশ, ত্রিপুরা ইত্যাদি এলাকার গোর্খাদের ক্ষেত্রে ৭৭ ও ৮৩, সিকিম/ নাগাল্যান্ড/ অরুণাচলপ্রদেশ/ ত্রিপুরা সহ মাওবাদী অধ্যুষিত এলাকার সহ অন্যান্য জেলার তফশিলি উপজাতিদের ক্ষেত্রে ৭৬ ও ৮১) সেমি। কনস্টেবল (গার্ডেনার/ ওয়াটার ক্যারিয়ার/ কবলার/ টেইলর/ ওয়াশারম্যান/ বার্বার/ কার্পেন্টার/ ওয়েটার) পদের পুরুষদের ক্ষেত্রে উচ্চতায় অন্তত ১৬৭.৫ (গোর্খা, গাড়োয়ালি, কুমায়ুন, দোগ্রা, মারাঠি এবং অরুণাচলপ্রদেশ, মণিপুরী, ত্রিপুরা, মিজোরাম ইত্যাদি এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ১৬৫, তফশিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫) সেমি, বুকের ছাতির মাপ না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৮ ও ৮৩ সেমি (গোর্খা, গাড়োয়ালি, কুমায়ুন, দোগ্রা, মারাঠি এবং অরুণাচলপ্রদেশ, মণিপুরী, ত্রিপুরা, মিজোরাম ইত্যাদি এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ৭৮ ও ৮৩, তফশিলি উপজাতিদের ক্ষেত্রে ৭৬ ও ৮১) সেমি। মহিলাদের ক্ষেত্রে ১৫৭ (গোর্খা, গাড়োয়ালি, কুমায়ুন, দোগ্রা, মারাঠি এবং অরুণাচলপ্রদেশ, মণিপুরী, ত্রিপুরা, মিজোরাম ইত্যাদি এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ১৫৫, তফশিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫০) সেমি। কনস্টেবল (নার্সিং আর্দালি) পদের পুরুষদের ক্ষেত্রে উচ্চতায় অন্তত ১৬৫ (তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬০, ত্রিপুরা/ অরুণাচলপ্রদেশ/ মেঘালয় সহ উত্তর-পূর্বাঞ্চলের প্রার্থীদের ক্ষেত্রে ১৫৫, মাওবাদী অধ্যুষিত এলাকার তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৫৮, গোর্খা, গাড়োয়ালি, কুমায়ুন, দোগ্রা, মারাঠি এবং অরুণাচলপ্রদেশ, মণিপুরী, ত্রিপুরা, মিজোরাম ইত্যাদি এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ১৬২.৫, ত্রিপুরা/ অসম সহ উত্তর-পূর্বাঞ্চলের প্রার্থীদের ক্ষেত্রে ১৬০, গোর্খা টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশনের অধীনস্থ দার্জিলিং জেলার দার্জিলিং, কালিম্পং ও কার্শিয়াং সাব-ডিভিশনের প্রার্থীদের ক্ষেত্রে ১৫৫) সেমি, বুকের ছাতির মাপ না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৫ ও ৮০ সেমি (তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ৭৫ ও ৮০, ত্রিপুরা/ অরুণাচলপ্রদেশ/ মেঘালয় সহ উত্তর-পূর্বাঞ্চলের প্রার্থীদের ক্ষেত্রে ৭৫ ও ৮০, মাওবাদী অধ্যুষিত এলাকার তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ৭৫ ও ৮০, গোর্খা, গাড়োয়ালি, কুমায়ুন, দোগ্রা, মারাঠি এবং অরুণাচলপ্রদেশ, মণিপুরী, ত্রিপুরা, মিজোরাম ইত্যাদি এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ৭৫ ও ৮০, ত্রিপুরা/ অসম সহ উত্তর-পূর্বাঞ্চলের প্রার্থীদের ক্ষেত্রে ৭৫ ও ৮০, গোর্খা টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশনের অধীনস্থ দার্জিলিং জেলার দার্জিলিং, কালিম্পং ও কার্শিয়াং সাব-ডিভিশনের প্রার্থীদের ক্ষেত্রে ৭৫ ও ৮০) সেমি। মহিলাদের ক্ষেত্রে ১৫৫ (তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৪৮, ত্রিপুরা/ অরুণাচলপ্রদেশ/ মেঘালয় সহ উত্তর-পূর্বাঞ্চলের প্রার্থীদের ক্ষেত্রে ১৪৭, মাওবাদী অধ্যুষিত এলাকার তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৪৭, গোর্খা, গাড়োয়ালি, কুমায়ুন, দোগ্রা, মারাঠি এবং অরুণাচলপ্রদেশ, মণিপুরী, ত্রিপুরা, মিজোরাম ইত্যাদি এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ১৫২, ত্রিপুরা/ অসম সহ উত্তর-পূর্বাঞ্চলের প্রার্থীদের ক্ষেত্রে ১৫০, গোর্খা টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশনের অধীনস্থ দার্জিলিং জেলার দার্জিলিং, কালিম্পং ও কার্শিয়াং সাব-ডিভিশনের প্রার্থীদের ক্ষেত্রে ১৫০) সেমি।

প্রার্থীবাছাই হবে শারীরিক মাপজোকের পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা, কম্পিউটার বেসড লিখিত পরীক্ষা, নথিপত্র যাচাই এবং স্কিল টেস্টের মাধ্যমে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে পুরুষদের ক্ষেত্রে ২৪ মিনিটে ৪.৮ কিমি দৌড় এবং মহিলাদের ক্ষেত্রে ১৮ মিনিটে ২.৪ কিমি দৌড়। লিখিত পরীক্ষায় থাকবে ১০০ নম্বরের জেনারেল নলেজ, ম্যাথমেটিক্স, রিজনিং অ্যান্ড জেনারেল ইংলিশ/ জেনারেল হিন্দি বিষয়ের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ২ ঘণ্টা। এতে সফলদের থেকে ক্যাটেগরিত অনুযায়ী ২০ গুণ প্রার্থীকে নথিপত্র যাচাই ও স্কিল টেস্টের জন্য ডাকা হবে। সবশেষে হবে ডাক্তারি পরীক্ষা।

আবেদন করবেন অনলাইনে www.ssbrectt.gov.in ওয়েবসাইটের মাধ্যমে, ১৯ এপ্রিলের মধ্যে। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি, সই স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। ফি বাবদ দিতে হবে সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে ২০০ টাকা, অ্যাসিস্ট্যান্ট সাব-ইনস্পেক্টর/ হেড কনস্টেবল/ কনস্টেবল পদের ক্ষেত্রে ১০০ টাকা। অনলাইনে ফি জমা দেবেন ডেবিট/ ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। এছাড়া স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানের মাধ্যমেও ফি জমা করতে পারেন। তফশিলি, মহিলা ও প্রাক্তন সমরকর্মীদের এই ফি দিতে হবে না। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর— 524/RC/SSB/Combined Advt./CT to SI (Non-GD)/2025. আরও বিস্তারিত জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

https://kaajcareer.in

Printed & Published by Kanika Chakraborty on behalf of Owner Kanika Chakraborty and Printed at New India Art Press, Deshbandhu Road, Bhatrapolly, Barasat, North 24 Parganas, West Bengal - 700 126 and Published at BD-72, Sector-I, Salt Lake City, Kolkata, West Bengal - 700 064, Editor: Prabir Mukhopadhyay

Editorial Office: BD-72, Sector-I, Salt Lake City, Kolkata, District- North 24 Parganas, West Bengal - 700 064, Ph: (033) 2334-3575, Mobile: +91 9434972260,
Email: editorkaajcareer@gmail.com/ kaajcareerportal@gmail.com, Web: www.kaajcareer.in,
Find us on ---- Facebook: www.facebook.com/kaajcareer, Twitter: www.twitter.com/Kaajcareer, Instagram: Kaajcareer. RNI No. WBBEN/2006/18125